minister AC
মাসিক কিস্তি
৳২০০০মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

শুক্রবার
বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৩৪ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১২ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ০৫ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা
২৬ মে ২০২৩

নির্বাচনী প্রক্রিয়ায় সংশ্লিষ্টদের জন্য যুক্তরাষ্ট্রের ভিসানীতি

নিজস্ব প্রতিবেদক : যুক্তরাষ্ট্রের নতুন ভিসানীতি বাংলাদেশের জনগণ, সরকার এবং নির্বাচনের সঙ্গে সংশ্লিষ্টদের জন্য প্রযোজ্য বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস।
গতকাল বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল

২-এর পাতায় দেখুন

যুক্তরাষ্ট্রের ভিসা নীতি প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির প্রতি সমর্থনমূলক

নিজস্ব প্রতিবেদক : বাংলাদেশ আজ বলেছে, যুক্তরাষ্ট্রের নতুন ভিসা নীতি বিশ্বাসযোগ্য নির্বাচনের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতিকে সমর্থন করে। কারণ দক্ষিণ এশিয়ার এই দেশটিতে যারা সুষ্ঠু নির্বাচনকে বাধাগ্রস্ত করবে ওয়াশিংটন এমন ব্যক্তিদের বিরুদ্ধে ভিসা বিধিনিষেধ

২-এর পাতায় দেখুন

বিএনপিকে নির্বাচনে আনতেই নতুন মার্কিন ভিসা নীতি

নিজস্ব প্রতিবেদক : মার্কিন যুক্তরাষ্ট্র গতকাল বাংলাদেশের ব্যাপারে তাদের নতুন ভিসা নীতি ঘোষণা করেছে। পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেন এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশের ভিসা প্রদানের ক্ষেত্রে সে দেশের ইমিগ্রেশনের আইনের ২১২

২-এর পাতায় দেখুন

গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন

১৩৩ কেন্দ্রের ফলাফলে পরাজয়ের পথে নৌকা

নিজস্ব প্রতিবেদক : গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচনের ভোটের প্রাপ্ত ফলাফলে এখন পর্যন্ত স্বতন্ত্র প্রার্থী জায়েদা খাতুনের চেয়ে ১০ হাজারের বেশি ভোটে পিছিয়ে রয়েছেন আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থী আজমত উল্লা খান। ৪৮০টি কেন্দ্রের মধ্যে ১৩৩ কেন্দ্রের ফলাফল পাওয়া গেছে। এই কেন্দ্রগুলোতে জায়েদা খাতুন পেয়েছেন ৬৮,৮০০ এবং আওয়ামী লীগ মনোনীত নৌকার প্রার্থী আজমত উল্লা খান পেয়েছেন ৫৮,০২৫ভোট।

গতকাল বৃহস্পতিবার (২৫ মে) রাত সোয়া ৯টার দিকে এ রিপোর্ট লেখা পর্যন্ত এ তথ্য পাওয়া গেছে।

গাজীপুর সিটি করপোরেশনের ভোটগ্রহণ শেষ হয়েছে। আজ সকাল ৮টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ইভিএমে টানা ভোটগ্রহণ চলে। শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে এ ভোট হয়েছে।

মার্কিন ভিসানীতি

দলীয় সরকারের অধীনে নির্বাচনে পথ করে দিল?

নিজস্ব প্রতিবেদক : মার্কিন যুক্তরাষ্ট্রের নতুন ভিসানীতি রাজনৈতিক অঙ্গনে চাঞ্চল্য সৃষ্টি করেছে। এটি কার পক্ষে-বিপক্ষে নিয়ে যেমন আলোচনা হচ্ছে, তার চেয়েও এর বিচার-বিশ্লেষণ চলছে। এর বিচার বিশ্লেষণের দেখা যাচ্ছে, মার্কিন যুক্তরাষ্ট্র নতুন ভিসানীতি প্রয়োগ করে বাংলাদেশে দলীয় সরকারের অধীনে একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের পথ তৈরি করে দিয়েছে। পাঁচটি কারণে এই ভিসানীতি বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের জন্য একটি সুযোগ তৈরি করবে বলে রাজনৈতিক এবং কূটনৈতিক বিশ্লেষকরা মনে করছেন। এর মধ্যে রয়েছে:-

১. প্রশাসন নিরপেক্ষ থাকবে: এই ধরনের আগাম ঘোষণার ফলে প্রশাসনের মধ্যে এক ধরনের ভীতি কাজ করবে এবং তারা বুঝবে যে, যদি তারা নির্বাচনে কোনো অতি উৎসাহ দেখায়, পক্ষপাত করে- সেক্ষেত্রে তাদের মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ নিষিদ্ধ হতে পারে। এমনকি তাদের সন্তান-সন্ততি, পরিবারের যারা যুক্তরাষ্ট্রে বসবাস করেন তারাও ঝুঁকিতে পড়তে পারেন। এ কারণেই প্রশাসন নিরপেক্ষ অবস্থানে থাকবে।

২. আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিরপেক্ষতা: একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচনের জন্য আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নিরপেক্ষতা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বিভিন্ন নির্বাচনগুলো পর্যালোচনা করলে দেখা যায়, আইনশৃঙ্খলা বাহিনীর কিছু কিছু সদস্যের বাড়াবাড়ি এবং পক্ষপাতের কারণে নির্বাচন অনেক সময় প্রশ্নবিদ্ধ হয়। এই মার্কিন নীতিমালা তাদেরকে একটি সতর্কবার্তা। আইনশৃঙ্খলা

২-এর পাতায় দেখুন

কাতার থেকে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক : কাতার অর্থনৈতিক ফোরাম (কিউইএফ) ২০২৩-এ যোগদান শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ সকালে দেশে ফিরেছেন।

প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট ভোর ০৫:৫৮ টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। এর আগে ফ্লাইটটি হামাদ আন্তর্জাতিক বিমানবন্দর থেকে স্থানীয় সময় রাত ১০:২৫ টায় (বাংলাদেশ সময় রাত ০১:২৫ টায়) ছেড়ে আসে।

কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল সানির আমন্ত্রণে তৃতীয় কাতার অর্থনৈতিক ফোরামে (কিউইএফ) যোগ দিতে গত ২২ মে শেখ হাসিনা তিন দিনের সরকারী সফরে দোহায় পৌঁছান।

সফরকারী শেখ হাসিনা কাতার ইকোনমিক ফোরামে যোগদান ছাড়াও আমিরি দিওয়ানে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল সানির সঙ্গে সাক্ষাত, কাতারের প্রধানমন্ত্রী মোহাম্মদ

২-এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ছাত্রদের অগ্রণী ভুমিকা পালন করতে হবে : সাইদুল করিম মিন্টু

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ঝিনাইদহ পৌরসভার সাবেক মেয়র সাইদুল করিম মিন্টু বলেছেন, ২০৪১ সালের মধ্যে দেশকে স্মার্ট বাংলাদেশ হিসেবে গড়ে তুলতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিষণ বাস্তবায়নে এদেশের ছাত্র সমাজকে অগ্রণী ভুমিকা পালন করতে হবে। ছাত্রদের লেখাপড়ার পাশাপাশি রাজনীতি সচেতন হবে। কারণ রাজনীতির মাধ্যমেই মানুষের সেবা করা যায়। দেশের মানুষের জন্য কাজ করা যায়। আজকের শিক্ষার্থী আগামী দিনের ভবিষ্যত। আজকের ছাত্র সমাজই আগামী দিনের উন্নত বাংলাদেশ বিনির্মাণের মুল ভুমিকায় থাকবে। তাদের হাত ধরেই বঙ্গবন্ধুর সোনার বাংলা

২-এর পাতায় দেখুন

বিএনপি নেতা চাঁদ ৫ দিনের রিমান্ডে

নিজস্ব প্রতিবেদক : প্রধানমন্ত্রীকে হত্যার হুমকি দেওয়ার অভিযোগে গ্রেপ্তার রাজশাহী জেলা বিএনপির আহ্বায়ক আবু সাঈদ চাঁদের পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। বৃহস্পতিবার (২৫ মে) বিকেল ৩টার দিকে রাজশাহী জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মাহবুব আলম এ রিমান্ড মঞ্জুর করেন। রাষ্ট্রপক্ষের

২-এর পাতায় দেখুন

কালীগঞ্জের বেদে পল্লীর স্বপ্ননীড় আশ্রয়ণ প্রকল্পে মতবিনিময় সভা

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদেহর কালীগঞ্জের বারোবাজারে স্বপ্ননীড় আশ্রয়ণ প্রকল্পে বেদে সম্প্রদায়ের উপকারভোগি, জনপ্রতিনিধি, সংশ্লিস্ট কর্মকর্তাবৃন্ধ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে মতবিনিয় সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (২৫ মে) বারবাজার ইউনিয়নের জগন্নাথপুর গ্রামে ঝিনাইদহ-৪ আসনের জাতীয় সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনার, জনপ্রশাসন মন্ত্রণালয়ের যুগ্মসচিব মো: আব্দুর রাজ্জাক সরকার ও উপসচিব মোহা: রফিকুল ইসলাম উপস্থিত থেকে এই মতবিনিময় সভায় করেন। এ উপস্থিত ছিলেন স্থানীয় সরকারে উপপরিচালক মো: ইয়ারুল ইসলাম, ঝিনাইদহ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রাজীবুল ইসলাম খান,ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন, কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহান,

২-এর পাতায় দেখুন

শৈলকুপায় আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধে জনসচেতনতামূলক সভা

চঞ্চল মাহমুদ, শৈলকুপা : ঝিনাইদহের শৈলকুপায় আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধে এক জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে । বৃহস্পতিবার বেলা ১টায় উপজেলা পরিষদ মিলনায়তনে আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধে এ জনসচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন

২-এর পাতায় দেখুন

গাজীপুরে ৫০ শতাংশের মতো ভোট পড়েছে : ইসি আলমগীর

নিজস্ব প্রতিবেদক : গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচনের ভোটগ্রহণ প্রসঙ্গে নির্বাচন কমিশনার (ইসি) মো. আলমগীর বলেছেন, আমরা আশা করছি ৫০ শতাংশের মতো ভোট পড়েছে। তবে মোট হিসাব করলে সঠিক তথ্য পাওয়া যাবে।

গতকাল বৃহস্পতিবার আগারগাঁওয়ের নির্বাচন ভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

আপনাদের দৃষ্টিতে ভোট কেমন হয়েছে, ‘এমন প্রশ্নের জবাবে ইসি আলমগীর বলেন, ‘আপনারাই আগে বলুন গাজীপুর সিটি নির্বাচন কেমন হয়েছে। আমাদের পক্ষ থেকে

২-এর পাতায় দেখুন

শৈলকুপার বিভিন্ন অফিস পরিদর্শনে জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম

চঞ্চল মাহমুদ, শৈলকুপা : ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলা সহকারী কমিশনার ভূমি অফিসের কার্যালয়,পৌরসভাসহ বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়,আশ্রায়ন কেন্দ্র পরিদর্শন করেছেন জেলা প্রশাসক মোহাম্মদ রফিকুল ইসলাম।

বৃহস্পতিবার সকালে প্রথমে শৈলকুপা উপজেলা সহকারী কমিশনার ভূমি এর কার্যালয় পরে দুধসর আশ্রায়ন কেন্দ্র, ১৮ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়, শৈলকুপা পৌরসভার কার্যালয় পরিদর্শন শেষে উপজেলা ভূমি অফিস চত্বরে বৃক্ষরোপণ করেন জেলা প্রশাসক মোহাম্মদ এস এম রফিকুল ইসলাম।

এসময় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী, পৌর মেয়র আলহাজ্ব কাজী আশরাফুল আজম,সহকারী কমিশনার (ভূমি) মোঃ বনি আমিন,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুনব্বী কালু। সহকারি কমিশনার (ভূমি)

২-এর পাতায় দেখুন

কালীগঞ্জে মালিয়াট ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষণা

বাদশা ফরহাদ, কালীগঞ্জ : ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার ৮নং মালিয়াট ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের উন্মুক্ত বাজেট ঘোষণা করেছেন। বুধবার দুপুরে ৮ নং মালীয়াট ইউনিয়ন পরিষদের সম্মেলন কক্ষে এই বাজেট ঘোষণা করেন। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আজীজুর রহমান খাঁনের সভাপতিত্বে এবারের বাজেটে আয় ও ব্যায় সমান রেখে বাজেট পেশ ও পরিচালনা করেন ইউপি সচিব কুবাদ আলী। এছাড়া এ

২-এর পাতায় দেখুন

মেহেরপুরে জাতীয় কবির জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা

মেহেরপুর প্রতিনিধি: মেহেরপুরে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে মেহেরপুর সরকারি কলেজের উদ্যোগে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদারের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম। প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, কবি নজরুল শুধু বিদ্রোহী কবি নন, তিনি প্রেমের কবি, সাম্যের কবি, সৌহার্দের কবি, সুন্দরের কবি, জাতিসত্ত্বার কবি। বিদ্রোহী কবির পরাধীনতার শৃঙ্খল ভাঙার স্পর্ধা, দেশপ্রেম, আর খেটে খাওয়া,

২-এর পাতায় দেখুন

পাগলাকানাই ইউনিয়নে উন্মুক্ত বাজেট ঘোষনা

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহ সদর উপজেলার পাগলাকানাই ইউনিয়নের ২০২৩-২৪ অর্থ বছরে ৯২লাখ ৮২হাজার ৩’শ ৯০টাকার উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার পাগলাকানাই ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউপি চেয়ারম্যান আবু সাইদ বিশ্বাস এ বাজেট ঘোষণা করেন। উন্মুক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠানে ইউপি

২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন
ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা
মো: আব্দুল হাই এমপি’র নেতৃত্বে
১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত
১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com
এখন নতুন আঙ্গিকে
সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন
তানভীর হাসান (জিসান হাই)
নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়নের উন্মুক্ত বাজেট ঘোষনা

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়শাল ইউনিয়নের ২০২৩-২৪ অর্থ বছরে নতুন কর আরোপ ছাড়াই ৯৩ লাখ ৮৮ হাজার ৪’শ ৫৭ টাকার উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউপি চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন এ বাজেট ঘোষণা করেন। উন্মুক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠানে ইউপি সচিব প্রতাপ কুমার বিশ্বাস, ইউনিয়ন আওয়ামীলীগের

২-এর পাতায় দেখুন

চিকিৎসার নামে খুলেছেন কসাই খানা

ডাকবাংলা নার্সিং হোম এন্ড নুরজাহান ডায়াগনস্টিক সেন্টার বন্ধের দাবিতে ফুঁসে উঠেছে স্থানীয় জনগণ

নিজেস্ব প্রতিবেদক : ঝিনাইদেহের সদর উপজেলার ডাকবাংলা বাজারে কোনো রকম নিয়ম নীতির তোয়াক্কা না করেই চলছে ডাক্তার বিহীন ডাকবাংলা নার্সি হোম এন্ড নুরজাহান ডায়াগনস্টিক সেন্টার। সরেজমিনে উপস্থিত হয়ে কখনোই কোনো মেডিকেল অফিসার পাওয়া যায়নি। ভাড়াটে ডাক্তার ও অপ্রশিক্ষিত নার্স দিয়ে চালিয়ে যাচ্ছে হসপিটালের নামে কসাই খানা।

ডাকবাংলার স্থানীয় জনগণ এই নার্সিং হোম বন্ধের দাবি করে সাংবাদিকদের জানান,একজন মেডিকেল টেকনোলজিস্ট দিয়েই চলছে এই নার্সিং হোম। এখানে কর্মরত শফিকুল শফি নামের একজন একাই করেন সকল ধরনের চিকিৎসা। অথচ তার যোগ্যতা তিনি

২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com
শুক্রবার ২৬ মে ২০২৩

১৪ জুন থেকে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু

নিজস্ব প্রতিবেদক : আসন্ন ঈদুল আজহাকে কেন্দ্র করে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু হবে ১৪ জুন থেকে। রেলপথ মন্ত্রণালয় জানিয়েছে, গত ঈদের মতো এবারও সব আসনের টিকিট শুধু অনলাইনে বিক্রি করা হবে। চারটি কাউন্টারে বিক্রি হবে শুধু দাঁড়িয়ে যাওয়ার টিকিট। ঈদ যাত্রায় কেনা অগ্রিম টিকিট ফেরত দেওয়া যাবে না। ২৪ জুন থেকে ঈদের আগের দিন পর্যন্ত সব আন্তনগর ট্রেনের সাপ্তাহিক ছুটি বাতিল করা হচ্ছে। গত ঈদের অভিজ্ঞতায় দেখা গেছে, দিনের শুরু থেকেই রেলের পশ্চিমাঞ্চলের টিকিটের চাহিদা তুলনামূলক অনেক বেশি থাকে। কিন্তু পশ্চিমাঞ্চলের যাত্রীরা আশানুরূপ টিকিট পায় না। আর পূর্বাঞ্চলের টিকিট অবিক্রীত থেকে যায়। আবার সার্ভারেও অনেক বেশি চাপ তৈরি হয়। তাই এবার পূর্বাঞ্চল ও পশ্চিমাঞ্চলের টিকিট আলাদা বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছে রেলপথ মন্ত্রণালয়। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, পশ্চিমাঞ্চলে চলাচলরত সব আন্ত নগর ট্রেনের টিকিট সকাল ৮টা থেকে বিক্রি শুরু হবে। আর পূর্বাঞ্চলে চলাচলরত সব আন্ত নগর ট্রেনের টিকিট দুপুর ১২টা থেকে বিক্রি শুরু হবে। গত বুধবার রেল ভবনে রেলমন্ত্রী নূরুল ইসলাম সুজনের উপস্থিতিতে ঈদকেন্দ্রিক ট্রেনের অগ্রিম টিকিট বিক্রিসংক্রান্ত বৈঠক হয়। এতে রেলের কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। আগামী ২৯ বা ৩০ জুন ঈদ ধরে পরিকল্পনা সাজানো হয়েছে। আগামী ৩০ মে আনুষ্ঠানিক সংবাদ সম্মেলনের

২-এর পাতায় দেখুন

প্রতারণার অভিযোগে সাবেক স্বামীর বিরুদ্ধে স্ত্রী'র আদালতে মামলা

চুয়াডাঙ্গা প্রতিনিধি : চুয়াডাঙ্গা পৌরসভার শান্তি পাড়া মৃত মুনছুর আহমেদ মোল্লার ছেলে মোহাম্মদ হোসেন খোকন এর সহিত মোছাঃ রোকেয়া পারভিন শাহানার বিবাহ হয়েছিল। তাদের একটি ছেলে ও মেয়ে আছে।

মোছাঃ রোকেয়া পারভিন শাহানা জানান, তার স্বামী খোকন বিবাহের পূর্ব থেকে নারী লোভী লম্পট প্রকৃতির। সন্তানদের মুখের দিকে তাকিয়ে নিজের জীবনকে বিসর্জন দিয়ে লম্পটের সংসার করতে থাকি। সংসারে যা আয় করেন নারীদের পিছনেই সব খরচ করে আসতেন। বাসায় এসে শুধু ঝগড়া মারামারি করতেন। সংসারে অভাব সন্তানের ভরণপোষণ করতে পারে না। তখন সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে ২২ বছর পূর্বে প্রবাসে ইতালিতে চলে যান। ইতালিতে সিটিজেন হওয়ার পরে নিজের ছেলে ও মেয়েকে নিয়ে যান প্রবাসে। প্রবাসে থেকে স্বামী খোকনের নিকট তিন জন একত্রে টাকা পাঠিয়ে পৌরসভার শান্তিপাড়া ১নং পানির ট্যাংকের নিকট বিলাসবহুল বাড়ি নির্মাণ করা হয়। স্বামী খোকন দেশে থেকে বিলাসবহুল বাড়ি ও অর্থ পেয়ে একাধিক নারীর সাথে অবাধে চলাচলের একপর্যায়ে ইতালিতে নিয়ে যাওয়া হয়। ইতালিতে যাওয়ার পর নারী লোভী লম্পট খোকন ইতালির অনেক নারীর সাথে অবাধে

২-এর পাতায় দেখুন

কোটচাঁদপুর উপজেলা কমপ্লেক্স ভবনের উদ্বোধন

মহেশপুর প্রতিনিধি : ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা কমপ্লেক্স ভবনের উদ্বোধনী অনুষ্ঠান বৃহস্পতিবার সকালে উপজেলা কমপ্লেক্স ভবন চত্বরে অনুষ্ঠিত হয়েছে। সকাল ১১টায় ঝিনাইদহ-৩ (মহেশপুর-কোটচাঁদপুর) আসনের সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল উপজেলা কমপ্লেক্স ভবনের উদ্বোধন করেন।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উথেন মে এর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধণী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থি ছিলেন মনোয়ার উদ্দীন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, পৌর আওয়ামীলীগের সভাপতি আলমগীর হোসেন,সাধারণ সম্পাদক রিপন মন্ডল প্রমুখ।

আলমডাঙ্গায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪ তম জন্মবার্ষিকী উদযাপন

আলমডাঙ্গা অফিস ঃ আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৪ তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভা, আবৃত্তি ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল দশটার দিকে আলমডাঙ্গা উপজেলা পরিষদ মঞ্চে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর। তিনি বলেন কাজী নজরুল ইসলাম ছিলেন বিস্ময়কর প্রতিভার অধিকারী। তিনি বাংলা কাব্য ও সাহিত্যের প্রচন্ড বিপ্লব

২-এর পাতায় দেখুন

আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত

আলমডাঙ্গা প্রতিনিধি : সরাসরি ভোটে আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন হয়েছে। বৃহস্পতিবার অভিভাবকদের স্বতঃস্ফূর্ত ভোটদানের মধ্যদিয়ে সম্পন্ন হয়েছে এ নির্বাচন। বিদ্যালয় সূত্রে জানা যায়, অভিভাবকদের ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে বৃহস্পতিবার

২-এর পাতায় দেখুন

ঝিনাইদহে "মার্কেট অর্গানাইজেশন এবং লিজিং" প্রচার কর্মশালা

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহে "মার্কেট অর্গানাইজেশন এবং লিজিং" প্রচারের উপর কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মেলন কক্ষে এলজিইডি'র উইকেয়ার ফেস-১ এর প্রকল্প পরিচালক মমিন মজিবুল হক সমাজির সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

সেসময় উপস্থিত ছিলেন স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্র নাথ রায়, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সালমা সেলিম,

২-এর পাতায় দেখুন

করোনা শনাক্তের হার ৫ শতাংশ ছাড়িয়েছে

নিজস্ব প্রতিবেদক : গত ২৪ ঘণ্টায় দেশে করোনা আক্রান্ত হয়ে কারও মৃত্যু হয়নি। এ পর্যন্ত দেশে করোনায় মোট মৃত্যু হয়েছে ২৯ হাজার ৪৪৬ জনের। এদিন নতুন করে শনাক্ত হয়েছে ৬৮ জন এবং নমুনা পরীক্ষায় শনাক্তের হার বেড়ে পাঁচ দশমিক ২৫ শতাংশ হয়েছে। সব মিলিয়ে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৩৮ হাজার ৮০৯ জন। গতকাল বৃহস্পতিবার বিকেলে স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনা বিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, ঢাকা সিটিসহ দেশের বিভিন্ন হাসপাতালে ও বাড়িতে উপসর্গ বিহীন রোগীসহ গত ২৪ ঘণ্টায় ২৯ জন সুস্থ হয়েছেন।

মহেশপুরে স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক লুৎফরের কবর জিয়ারত করলেন এমপি চঞ্চল

মহেশপুর প্রতিনিধি : ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য আলহাজ্ব শফিকুল আজম খান চঞ্চল বৃহস্পতিবার বিকালে মহেশপুর উপজেলার পান্তাপাড়া ইউনিয়ন স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক ডাঃ লুৎফর রহমানের কবর জিয়ারত করেছেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষকলীগের সভাপতি আব্বাস উদ্দীন, রঘুনাথপুর দাখিল মাদ্রাসার সুপার শফিকুল ইসলাম, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক এ্যাডঃ মশিয়ার রহমান জিয়া, স্বেচ্ছাসেবকলীগের নেতা আশরাফুল আলম দোলনসহ বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ।

ঝিনাইদহে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহে গ্রামীন ব্যাংকের গ্রাহকদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ সদর উপজেলার পদ্মাকর ইউনিয়নের হাটগোপালপুর বাজারের পদ্মাকর শাখার শতাধীক গ্রাহকদের মাঝে ১ লক্ষ গাছের চারা

২-এর পাতায় দেখুন

তিন দিনব্যাপী ইবি পরিসংখ্যান বিভাগে সি প্রোগ্রামিং কর্মশালা সম্পন্ন

মোতালেব বিশ্বাস, ইবি- ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের আয়োজনে এবং ইবি আইটি সোসাইটির সহযোগিতায় তিন দিন ব্যাপী সি প্রোগ্রামিং উপর প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গত ২৩ মে থেকে শুরু করে ২৫ মে পর্যন্ত তিন দিনব্যাপী পাঁচটি শিক্ষাবর্ষ মিলে সি প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ কর্মশালায় অংশগ্রহণ করে পরিসংখ্যান বিভাগের প্রায় ১৫০ জন শিক্ষার্থী।

বিশ্ববিদ্যালয়ের আইটি সোসাইটির সদস্যরা এ প্রশিক্ষণ কর্মশালাটি পরিচালনা করে। বৃহস্পতিবার (২৫ মে) শেষ দিন, দিনব্যাপী কর্মশালা শেষে কর্মশালার নিদর্শন স্বরূপ শিক্ষার্থীদের সনদপত্র প্রদান করা হয়। এসময় দুইটি সেশনে ভাগ করে কর্মশালা সম্পন্ন হয়। সকাল ১০ টা থেকে ১২. ৩০ পর্যন্ত প্রথম ভাগ। এরপর বিভাগ থেকে থেকে দুপুরের খাবারের ব্যাবস্থা করা হয় এবং খাবারের পর দুপুর ২ টা থেকে ৪ টা পর্যন্ত শেষ ভাগ অনুষ্ঠিত হয়।

কর্মশালা শেষে সনদপত্র প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিসংখ্যান বিভাগের

২-এর পাতায় দেখুন

আলমডাঙ্গা উপজেলা খাদ্য বিভাগের উদ্যোগে আভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৩'র উদ্বোধন

আলমডাঙ্গা অফিস ঃ আলমডাঙ্গা উপজেলা খাদ্য বিভাগের উদ্যোগে আভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৩ উদ্বোধন করা হয়েছে। গতকাল সকাল সাড়ে ন'টার দিকে খাদ্য গুদামে ফিতা কেটে আনুষ্ঠানিকভাবে শুভ উদ্বোধন করেন প্রধান অতিথি উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর। উদ্বোধন শেষে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আব্দুল হামিদ, বিশেষ অতিথি ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, মিল মালিক সমিতির সভাপতি আশরাফুল হক, সাধারণ সম্পাদক তোফাজ্জল হোসেন। উপজেলা ভারপ্রাপ্ত খাদ্য গুদাম কর্মকর্তা লিটন কুমার বিশ্বাসের পরিচালনায় বক্তব্য রাখেন

২-এর পাতায় দেখুন

ডাকবাংলায় ধানের দাম নিয়ে কৃষকদের মাঝে অসন্তোষ

সুমন আহম্মেদ : সব পণ্য এর দাম বাড়ার সাথে সার, ডিজেল, বিদ্যুৎসহ সকল কৃষি পন্য এর দাম বেড়েছে। একই সাথে কৃষি কাজে কর্মও শ্রমিকের দিন মজুরিও বেড়েছে। এর পরেও এলাকাভেদে এবার মোটা ধান ১এক একশত৫০ ও চিকন ধান ১হাজার ৩০০টাকা এর বিক্রি হচ্ছে। কিন্তু দেখা গেছে গতবছর ধানের দাম মণ প্রতি (মান হিসেবে) ১৪০০ পর্যন্ত ছিলো।

হরিণাকুন্ডুর দখলপুরের কৃষক সাহেব আলী বলেন, আমি এখানে ধান বিক্রি করতে এসেছি। অন্যান্য বারের থেকে এবারের ধানের দাম বেশ কম। কারণ সবকিছু দাম বেশি এই হিসাব করতে গেলে এখন লস হচ্ছে ।

হরিণাকুন্ডর হরিশপুরের আরেক কৃষক বিপুল হোসেন বলেন, হরিণাকুন্ডুতে যে দামে বিক্রি করেছি এখানে তার থেকে ২০ টাকা কম বলেছিল। কিন্তু গাড়ী ভাড়া বেশি হওয়াতে সেই একই পড়ে গেল। প্রতিবারই নতুন ধান ওঠার সময় কোনো না কোনোভাবে দাম ফেলে দিয়ে কৃষকের কাছ থেকে কম দামে ধানে কিনে নেন ব্যবসায়ীরা। এমনটাও দাবি করেন কয়েকজন কৃষক ।

ডাকবাংলার আড়তদার

২-এর পাতায় দেখুন

কোটচাঁদপুরে সড়ক দুর্ঘটনায় যুবক নিহত

কোটচাঁদপুর প্রতিনিধি : ঝিনাইদহের কোটচাঁদপুরে মোটরসাইকেল এ্যাম্বুলেন্স সংঘর্ষে সোহান নামে এক যুবকের মৃত্যু হয়েছে। দূর্ঘটনায় গুরতর আহত দুই সেনা সদস্যকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা সিএমএইচে পাঠানো হয়েছে। বুধবার রাত ১২ টার দিকে পৌর শহরের বলুহর বাসস্ট্যান্ডে এ দূর্ঘটনা ঘটে। ২৪ বছর বয়সী নিহত সোহান উপজেলার রাঙ্গিয়ারপোতা গ্রামের শামীম মালিতার পুত্র। আহত দুই সেনা সদস্য হলেন, রাঙ্গিয়ারপোতা গ্রামের মৃত নোব্বাস মোল্লার পুত্র মেহেরাব মোল্লা (২৩) ও একই গ্রামের মোশারেফ মন্ডলের পুত্র মোন্না মন্ডল (২৪)। স্থানীয় প্রতিবেশিরা জানায়, বুধবার রাত ৯ টার দিকে

২-এর পাতায় দেখুন

কুষ্টিয়ায় চলন্ত বাসে পিষ্ট হয়ে ২ কলেজ ছাত্র নিহত

কুষ্টিয়া প্রতিনিধি : কুষ্টিয়ার খোকসায় বাসচাপায় আবু মুছা (১৮) ও পারভেজ হোসেন (২০) নামের দুই মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। বৃহস্পতিবার (২৫ মে) দুপুরের দিকে খোকসা উপজেলার বিলজানি ফুলতলার মোড় এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত পারভেজ হোসেন পিয়াস খোকসা উপজেলার ওসমানপুর ইউনিয়নের দেবীনগর গ্রামের আবু বক্করের ছেলে এবং নিহত আবু মুছা পাবনার সুজানগর উপজেলার চর ভবানীপুর গ্রামের ইসহাক আলীর ছেলে। তারা দুজন শমসপুর কলেজের ছাত্র।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, আবু

২-এর পাতায় দেখুন

মেহেরপুরে আলোচিত রুপার বিরুদ্ধে আরও একটি মামলা

মেহেরপুর প্রতিনিধিঃ মেহেরপুরে আলোচিত নারী নিলুফার ইয়াসমিন রুপার বিরুদ্ধে মেহেরপুরের একটি আদালতে ডিজিটাল নিরাপত্তা আইনে আরও একটি মামলা হয়েছে। বৃহস্পতিবার বঙ্গবন্ধু সৈনিক লীগ মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক তরুন আহমেদ বাদী হয়ে মেহেরপুরের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে এ মামলা দায়ের করেন। আদালতের বিজ্ঞ বিচারক মো. তারিক হাসান মামলাটি আমলে নেন। যার নম্বর সিআর ৩৬২/২৩। মামলার এজাহারে বাদী অভিযোগ করেন, আসামী নিলুফার ইয়াসমিন রুপা একজন দুর্দান্ত প্রকৃতির প্রতারক চক্রের সক্রিয় সদস্যা এবং দেহ ব্যবসায়ীর সাথে জড়িত থেকে বিভিন্ন অপকর্ম করে বেড়ান। নিরীহ ব্যক্তিদের ব্লাকমেইল করে নিরীহ মানুষের ঘনিষ্ঠ হয়ে নগ্ন ছবি করে চাঁদা আদায় করে থাকে। মেহেরপুরে হোটেল আটলান্টিক কাণ্ড মামলার চার্জশিট ভুক্ত আসামি রুপার অপকর্মের বিষয়ে প্রাথমিক ভাবে প্রমাণিত হলে আসামীকে অভিযুক্ত করে চাঁদাবাজি ও পর্নোগ্রাফী নিয়ন্ত্রণ আইনে অভিযোগ পত্র দাখিল করেন তদন্তকারী পুলিশ কর্মকর্তা। এজাহারে আরো জানা গেছে, রুপা মেহেরপুর শহরে বিভিন্ন অপকর্ম করে বেড়াই, নিরীহ মানুষদের ফাঁদে ফেলে টাকা পয়সা আদায় করে থাকে। আসামীর বিরুদ্ধে দায়েরকৃত জি.আর- ৪২৯/২২

২-এর পাতায় দেখুন

minister
Refrigerator
কোটি কোটি টাকার
ঈদ সালামি অফার
নিশ্চিত ক্যাশ ভাউচার ও পণ্য ফ্রি!
ফ্রিজ দৈনিক কিস্তি
৳১০০
শর্ত প্রযোজ্য
১২ বছর গ্যারান্টি
পুরোনো দিলে নতুন মিলে অফার
0% ডাউন পেমেন্টে
৩৬ মাসের সহজ কিস্তি সুবিধা
/Minister.Bangladesh
www.ministerbd.com
Hotline: 09606 700700

সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) *সম্পাদক ও প্রকাশক :* আলী কদর পলাশ, *ভারপ্রাপ্ত সম্পাদক :* তানভীর হাসান (জিসান হাই),*ব্যবস্থাপনা সম্পাদক :* আশরাফুল আলম চঞ্চল, *নির্বাহী সম্পাদক :* তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। *ঝিনাইদহ : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।*। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫,০১৭৩৪-১০৪৪১৪ *বিজ্ঞাপন-সার্কুলেশন :* ০১৯৬৯৮৩১৯১৮



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

বজ্রপাতে প্রাণহানি বাড়ছে

সচেতনতার বিকল্প নেই

বজ্রপাত ও শিলাবৃষ্টির মতো প্রাকৃতিক দুর্যোগের ক্ষয়ক্ষতি বেড়েই চলেছে। সর্বশেষ দেশজুড়ে কালবৈশাখীর ছোবলে ১৬ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরো ১৬ জন। গত মঙ্গলবার সকাল থেকে বিকাল পর্যন্ত এসব বজ্রপাতের ঘটনা ঘটে। এর মধ্যে নরসিংদীতেই ৪ জন, পাবনা, ব্রাহ্মণবাড়িয়া ও কুড়িগ্রামে দুজন করে এবং সুনামগঞ্জ, চাঁদপুর, শরীয়তপুর, নওগাঁ, ভৈরব ও মদনে একজন করে মৃত্যুর ঘটনা ঘটে। এমন মর্মান্তিক ঘটনা প্রায়ই গণমাধ্যমে আমরা দেখছি। যে কোনো প্রাকৃতিক দুর্যোগে হতাহতের এই হার ভয়াবহ। বজ্রপাত একটি স্বাভাবিক প্রাকৃতিক দুর্যোগ হলেও বর্তমানে বজ্রপাতজনিত মৃত্যুর সংখ্যা এতটাই বৃদ্ধি পেয়েছে যে, বিষয়টি সবাইকে ভাবিয়ে তুলছে। অস্বাভাবিক খরা, বন্যা, সামুদ্রিক জলোচ্ছ্বাস ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের মতো বজ্রপাত বৃদ্ধির জন্যও ভূমণ্ডলের উষ্ণায়ন ও জলবায়ুর পরিবর্তনের প্রবণতাকে দায়ী করছেন আবহাওয়া বিশেষজ্ঞরা। শহরের তুলনায় গ্রামাঞ্চলেই বজ্রপাত ও এতে মৃত্যুর হার বেশি। গ্রামেগঞ্জে আজকাল তাল, নারিকেল, সুপারি, বট প্রভৃতির মতো বড় বড় গাছের অভাব, বজ্রনিরোধক ব্যবস্থা না থাকা, কৃষি যন্ত্রপাতিতে ধাতব যন্ত্রপাতির ব্যবহার বৃদ্ধি ইত্যাদি কারণেও বজ্রপাতের হার বাড়ছে। আবার আবহাওয়া বিশেষজ্ঞদের মতে, নদ-নদী শুকিয়ে যাওয়া, জলাভূমি ভরাট হওয়া আর গাছপালা ধ্বংস হয়ে যাওয়ার কারণে দেশে অভ্যন্তরীণ তাপমাত্রা এক থেকে দেড় ডিগ্রি সেলসিয়াস বেড়ে গেছে। বিশেষ করে বর্ষা আসার আগে মে মাসে তাপমাত্রা বেশি হারে বাড়ছে। এতে বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বেড়ে যাচ্ছে। অতঃপর দক্ষিণে বঙ্গোপসাগর থেকে ভেসে আসা আর্দ্র বায়ু আর উত্তরে হিমালয় থেকে আসা শুষ্ক বায়ুর মিলনে বজ্রমেঘ, বজ্রঝড় ও বজ্রপাতের সৃষ্টি হচ্ছে। তবে বজ্রপাত বা প্রাকৃতিক দুর্যোগে হতাহতের প্রকৃত সংখ্যা পরিসংখ্যান বা পত্রিকায় প্রকাশিত সংখ্যার চেয়ে অনেক বেশি বলেই ধরে নেয়া যায়। আন্তর্জাতিক গবেষণায় দেখা গেছে, বিশ্বে বজ্রপাতজনিত মৃত্যুর এক-চতুর্থাংশই ঘটে বাংলাদেশে। এখানে মার্চ থেকে মে মাস পর্যন্ত বজ্রপাতের প্রকোপ সবচেয়ে বেশি থাকে। দেশের উত্তর-পূর্বাঞ্চলে বজ্রপাত সবচেয়ে বেশি হয়। বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটার এলাকায় গড়ে প্রায় ৪০টি বজ্রপাত হয়ে থাকে। বর্ষার সময়ে বেশি বজ্রপাত হয় সুনামগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, মানিকগঞ্জ, টাঙ্গাইল, গোপালগঞ্জ, বরিশাল এবং উত্তরবঙ্গের রংপুর, পঞ্চগড় ও কুড়িগ্রামে। বর্ষাপরবর্তী অর্থাৎ অক্টোবর-নভেম্বরে পার্বত্য চট্টগ্রাম, নোয়াখালী ও কক্সবাজারে বজ্রপাত সবচেয়ে বেশি হয়। বাংলাদেশের ভৌগোলিক অবস্থান ও জনসংখ্যার ঘনত্বের কারণে বজ্রপাতে ক্ষতির ঝুঁকি অনেক বেশি। এতে হতাহতের সংখ্যা বেড়ে যাওয়ার কারণে ২০১৬ সালে বজ্রপাতকে প্রাকৃতিক দুর্যোগ হিসেবে ঘোষণা করা হয়েছে। বজ্রপাত সম্পর্কে সচেতন হলে এ দুর্যোগ থেকে অনেকাংশেই রক্ষা পাওয়া যায়। এ ব্যাপারে গবেষণা ও জনসচেতনতা বৃদ্ধি করা জরুরি। বিশেষ করে গণমাধ্যমে বিজ্ঞপ্তি প্রকাশ করে জনসাধারণকে সচেতন ও সজাগ করে তোলা প্রয়োজন, যাতে বজ্রপাতে হতাহতের ঘটনা এড়ানো যায়। বজ্রপাত নিয়ে গবেষণার বিষয়টিকে সরকারের পক্ষ থেকেও গুরুত্ব দেয়া দরকার।

মেহেরপুরে জাতীয় কবির

শোষিত বঞ্চিত মানুষের প্রতি গভীর মমত্ববোধ আমরা আমাদের জাতির পিতার মাঝেও দেখতে পাই। তিনি জেল খেটেছেন। লড়াই করেছেন। পরাধীন জাতিকে স্বাধীন করেছেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মহা: আব্দুর রাজ্জাক, অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, শিক্ষা পরিষদের সম্পাদক মোহা: কাবিল উদ্দিন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রভাষক আবদুল্লাহ আল আমিন ধূমকেতু, আবদুল বশির,বাংলা প্রভাষক সানজিদা ফেরদৌস প্রমুখ। আলোচনা সভা পরবর্তীতে কলেজের শিক্ষার্থীদের অংশগ্রহণে নৃত্য, কবিতা ও নজরুল গীতিসহ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে দুজন কৃতি শিক্ষার্থীকে সম্মাননা দেওয়া হয়।

পাগলাকানাই ইউনিয়নে উন্মুক্ত

সচিব বিশ্বজিৎ কুমার বিশ্বাস, পুরুষ ইউপি সদস্য আব্দুল ওয়াদুদ, টোকন লস্কর, জসিম উদ্দিন লোটন, শামসুল হোসেন, রেজাউল মন্ডল, কাক্কা, রবিউল হোসেসহ মহিলা ইউপি সদস্য উপস্থিত ছিলেন।

ডাকবাংলা নার্সিং হোম এন্ড নুরজাহান

মেডিকেল টেকনোলজিস্ট।

জানা যায় চুয়াডাঙ্গা থেকে মাঝেমধ্যে হাসানুজ্জামান নুপুর নামের একজন ডাক্তার আসেন এই নার্সিং হোমে। কিন্তু সরেজমিনে কখনোই সেই ডাক্তারকে পাওয়া যায়নি। অপচিকিৎসায় মৃত্যুর মতো ঘটনা এই নার্সিং হোমে নতুন কিছুই না।

স্থানীয় বাসিন্দা শেখ কামাল উদ্দিন বলেন, এরা চিকিৎসার নামে কসাইখানা বানিয়ে রেখেছে, অযোগ্য অশিক্ষিত মানুষকে ডাক্তার সাজিয়ে প্রায় এরকম ঘটনা ঘটাচ্ছেন ডাকবাংলা নার্সিং হোমের মালিক কাজল। আমরা ঝিনাইদহের সিভিল সার্জনের কাছে এই নার্সিং হোম বন্ধের জন্যে জোর দাবি জানাচ্ছি।

ডাকবাংলা নার্সিং হোম এন্ড নুরজাহান ডায়াগনস্টিক সেন্টারের অনিয়ম ও স্বেচ্ছাচারিতার বিষয়ে কথা হয় ঝিনাইদহের সিভিল সার্জন শুভ্রারাণী দেবনাথের সাথে, তিনি সাংবাদিকদের জানান, আমরা ওই নার্সিং হোমের বিরুদ্ধে খুব দ্রুতই কঠোর ব্যবস্থা গ্রহণ করব,ওখানে একজন মেডিকেল টেকনোলজিস্ট ছাড়া বাকি সবাই জাল জালিয়াতি করে নার্সিং হোম পরিচালিত করছে।

উল্লেখ্য, ডাকবাংলা নার্সিং হোম এন্ড নুরজাহান ডায়াগনস্টিক সেন্টারে অপচিকিৎসা ও কর্তব্যরত চিকিৎসকের ভুলে গত ২৪ মে সালমা বেগম নামের এক প্রসূতি মায়ের মৃত্যুর পরে। মাত্র চল্লিশ হাজার টাকায় রফাদফা করা হয়। ইতিপূর্বেও এই ধরনের ঘটনা বহুবার ঘটেছে এই নার্সিং হোমে।

ঝিনাইদহের ঘোড়শাল ইউনিয়নের

সভাপতি নিত্তগোপাল শিকদার,সাধারণ সম্পাদক রনজিত কুমার বিশ্বাস, ইউনিয়ন কৃষক লীগের সভাপতি হেদায়েত হোসেন, সাধারণ সম্পাদক হরশিত বিশ্বাসসহ সকল ইউপি সদস্যবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে

গড়ে উঠবে। বৃহস্পতিবার হরিণাকুন্ডু উপজেলার ৪নং দৌলতপুর ইউনিয়ন ছাত্রলীগের ত্রি-বার্ষিক সম্মেলন উপলক্ষে আয়োজিত এক বিশাল ছাত্র সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

সাইদুল করিম মিন্টু আরও বলেন, বিএনপি ক্ষমতায় থাকতে এদেশের ছাত্র সমাজের হাতে অস্ত্র তুলে দিয়ে শিক্ষাঙ্গনকে কলুষিত করেছিল। আর আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা ছাত্র সমাজের হাতে বই, খাতা ও কলম তুলে দিয়েছেন। কারণ এই ছাত্র সমাজই আগামী দিনের দেশ গড়ার কারিগর। তাদের হাত ধরেই এদেশ এগিয়ে যাবে।

এতে আরও বক্তব্য দেন ঝিনাইদহ পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কাজী কামাল আহম্মেদ বাবু, জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান ও সাবেক ছাত্রনেতা আলাউদ্দিন, জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি ও সাধারণ সম্পাদক ও জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব রানা হামিদ, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল ইমরান, হরিণাকুন্ডু উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ফিরোজ সালাউদ্দিন, যুগ্ম আহবায়ক রাফেদুল হক সুমন, ইউপি চেয়ারম্যান আবুল কালাম আজাদ, উপজলা ছাত্রলীগের সাবেক যুগ্ম আহবায়ক রুবেল রানা, ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাজমুল হুসাইন, সরকারি লালনশাহ কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক রানা মিয়া প্রমূখ।

বিএনপি নেতা চাঁদ

আইনজীবী অ্যাডভোকেট জালাল উদ্দিন বিষয়টি নিশ্চিত করে বলেন, সন্ত্রাসবিরোধী আইনে করা মামলার আসামি চাঁদ। তাকে আজ আদালতে তোলা হয়। এ ঘটনার সঙ্গে আরও কেউ জড়িত আছে কিনা তা বের করতে মামলার তদন্তকারী কর্মকর্তা ১০ দিনের রিমান্ড আবেদন করেন। তবে আদালত সার্বিক বিবেচনা করে পাঁচ দিনের রিমান্ড মঞ্জুর করেন।

এর আগে বৃহস্পতিবার (২৫ মে) বেলা ১১টার দিকে রাজশাহী নগরীর ভেড়িপাড়া এলাকা থেকে চাঁদকে গ্রেপ্তার করে পুলিশ। পরে দুপুর ১২টার দিকে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের (আরএমপি) সদর দপ্তরে সংবাদ সম্মেলনে বিএনপি নেতা চাঁদকে গ্রেপ্তারের বিষয়টি আনুষ্ঠানিকভাবে জানানো হয়। এরপর আরএমপি সদর দপ্তর থেকে সরাসরি তাকে আদালতে নেওয়া হয়।

উল্লেখ্য, গত ১৯ মে পুঠিয়ার শিবপুর উচ্চ বিদ্যালয় মাঠে বিএনপির সমাবেশে বক্তব্য দেন আবু সাঈদ চাঁদ। এ সময় তিনি বলেন, ‘আর ২৭ দফা বা ১০ দফা নয়। শেখ হাসিনাকে কবরস্থানে পাঠাতে হবে।’

চাঁদের এমন বক্তব্যের ভিডিও ছড়িয়ে পড়লে নিন্দা ও প্রতিবাদের ঝড় ওঠে। এ নিয়ে দেশব্যাপী প্রতিবাদের ডাক দেয় আওয়ামী লীগ। তাকে গ্রেপ্তারের দাবিতে দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভ মিছিল করেন আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

কালীগঞ্জের বেদে পল্লীর স্বপ্ননীড়

কালীগঞ্জ উপজেলা সহকারী কমিশনার (ভূমি) হাবিবুল্লাহ, বারবাজার ইউনিয়নের চেয়ারম্যান আবুল কালাম আজাদ প্রমুখ।

মুজিব বর্ষে ভুমিহীন গৃহহীন মানুষদের জন্য মাননীয় প্রধানন্ত্রী শেখ হাসিনার উপহার এবং আশ্রয়ণ ২ প্রকল্পের আওতায় কালীগঞ্জ উপজেলার বারবাজার ইউনিয়নের জনগনাথপুর গ্রামে বাংলাদেশে এই প্রথম এক সাথে ভাসমান বেদে সম্প্রদায়ের পরিবারের জন্য ৫৯টি ঘর তৈরি করা হয়। ৫৯টি পরিবারের প্রায় ৩শ সদস্য এই স্বপ্ননীড় প্রাঙ্গনে এক সাথে বসবাস করছে। প্রত্যেক প্ররিবারকে ২টি রুম, ১টি রান্নাঘর তৈরি করে দেওয়া হয়েছে একই সাথে এখানকার বেদে সম্প্রদায়ের আর্থ সামাজিক উন্নয়নে মসজিদ, কবরস্থান, খেলার পার্ক তৈরি করা হয়েছে।

ঝিনাইদহে ফলজ, বনজ

বিতরণের উদ্বোধন করেন গ্রামীন ব্যাংকের শাখা ব্যবস্থাপক মোঃ ইদ্রীস আলী। সেসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ও এসএটিভির জেলা প্রতিনিধি ফয়সাল আহমেদ, দৈনিক বিজনেস স্ট্যান্ডার্ড পত্রিকার জেলা প্রতিনিধি বসির আহাম্মেদ । এসময় ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়।

উল্লেখ্য, গ্রামীন ব্যাংকের নিজস্ব অর্থায়নে জেলার ৭৪ টি শাখার গ্রাহকদের মাঝে ৮৫ লক্ষ ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা লাগানোর উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানান , গ্রামীন ব্যাংকের জোনাল ম্যানেজার শেখ মোঃ মজিবুর রহমান।

শৈলকুপার বিভিন্ন অফিস পরিদর্শনে

মোঃ বনি আমিন বলেন, ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট দেশে রূপান্তরিত হতে চলেছে বাংলাদেশ। আগের ভূমি সেবা আর বর্তমানের সেবা রাত-দিন পার্থক্য। জমি নামজারী করতে হলে আগে মাসের পর মাস অপেক্ষা করতে হতো গ্রাহকদের। ভূমি সেবা ডিজিটাল হওয়ায় এখন স্বল্প সময়ে নামজারী, ভূমি উন্নয়ন কর প্রদানসহ অন্যান্য সেবা দ্রুততম সময়ে সেবাগ্রহীতাদের কে সরবরাহ করা যাচ্ছে । একজন গ্রাহক চাইলে তার ডিভাইস দিয়েই অনলাইনে জমির খারিজের আবেদন, ফি প্রদানসহ প্রায় সব সেবাই নিতে পারেন। হাতের মুঠোয় চলে এসেছে ভূমি সেবা। সবকিছুই এখন ডিজিটাল। জনগণের দোরগোড়ায় ভূমি সেবা পৌঁছে দিতে আমরা বদ্ধ পরিকর।

উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) রাজিয়া আক্তার চৌধুরী বলেন, ভূমি সেবা ডিজিটাল হওয়ায় জমির মামলা ও গ্রামের জমি সংক্রান্ত বিরোধ অনেক কমে গেছে। কারণ ভূমি অফিসের সব কিছু ডিজিটাইলেশন হওয়ায় জাল দলিল ও পর্চা দিয়ে কেউ নাম জারি করতে পারে না। এটা বন্ধ হওয়ার একমাত্র কারণ হলো সব কিছু ডিজিটাল হওয়া। তাছাড়া ভূমি সেবার কোনো কাজের জন্য সরকার নির্ধারিত ফি কত তা ভূমি সেবা সপ্তাহের মাধ্যমে জনগণের কাছে হ্যান্ডবিল ও লিফলেট বিতরণ করা হয়। তাছাড়া অনলাইনেও জানতে পারেন কোন সেবার সরকারি ফি কত। তাই দালালের দৌরাত্ম্য নেই। আমরাও চাই জনগণ হয়রানি ছাড়া তাদের প্রাপ্য সেবাটুকু পাক।

শৈলকুপায় আত্মহত্যা ও বাল্যবিবাহ

ঝিনাইদহের জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম আহমেদ,ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু,উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রাশেদ আল মামুন, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম প্রমুখ।

অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা কৃষি কর্মকর্তা আনিসুজ্জামান খান,সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মনোয়ার হোসেন মালিথা,বগুড়া ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল,অবসরপ্রাপ্ত শিক্ষক এস এম কোবাদ আলী,প্রেসক্লাব সভাপতি এম হাসান মুসা।

প্রধান অতিথি জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম তার বক্তব্যে বলেন, আত্মহত্যা ও বাল্যবিবাহ প্রতিরোধে সমাজের সকলকে এগিয়ে আসতে হবে। আত্মহত্যা একটি জীবন নয় পুরো পরিবারকে ধ্বংস করে দেয়। তিনি আত্মহত্যা রোধে অভিবাবকদের বলেন সন্তানদের সাথে সুন্দর আচরন করুন ও তাদের সঠিকভাবে পরিচালনা করুন। বাল্যবিবাহ রোধে সরকার বদ্ধপরিকর। কোনো মেয়ে যেন বাল্যবিয়ের শিকার না হয়। সে লক্ষ্যে কাজ করতে হবে। এ জন্য দরকার হলে আইনের কঠোর প্রয়োগ করতে হবে। সভা শেষে জেলা প্রশাসক বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কৃতি শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ করেন।

আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা

আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন সম্পন্ন হয়। উক্ত ম্যানেজিং কমিটির নির্বাচনে অভিভাবক সদস্য পদে ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অভিভাবক ভোটার সংখ্যা ১২৪২ এর মধ্যে ভোট পোল হয়েছে ৬৩০ ভোট।

আলমডাঙ্গা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ৬জনের প্রার্থীর মধ্যে ৪ জন বিজয়ী হয়েছেন।তারা হলেন মোঃ শরিফুল ইসলাম ৩৭৮ ভোট পেয়ে প্রথম হন। মোঃ মেহেদী হাসান ৩৬৪ ভোট পেয়ে দ্বিতীয় হন। আ.ক.ম.পারভেজ রাজু ২৭০ ভোট পেয়ে তৃতীয় ও মোঃ সোহেল রানা শাহিন ২৪৫ ভোট পেয়ে চতুর্থ হন। নির্বাচনে প্রিসাইডিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন আলমডাঙ্গা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা। আইন শৃঙ্খলাই নিয়োজিত ছিলেন আলমডাঙ্গা থানা পুলিশের টীম।

আলমডাঙ্গায় জাতীয় কবি কাজী

ঘটিয়েছিলেন। দেশে স্বাধীনতা ও মানবিক মর্যাদা প্রতিষ্ঠার জন্য অত্যাচারী শাসক গোষ্ঠীর বিরুদ্ধে তিনি কলমকে অস্ত্র হিসেবে বেছে নিয়েছিলেন। তার কবিতা, গান, নাদ, গজল, গল্প এবং উপন্যাস প্রতিটি বাঙালির মনকে করে তুলেছিল জাগরিত। তিনি ছিলেন একাধারে শ্রমিক, সৈনিক, কবি, সাহিত্যিক ও অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদী এবং একজন খাঁটি দেশ প্রেমিক ।জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কাজী নজরুল ইসলামকে তৎকালিন ভারতের প্রধান মন্ত্রীকে বলে বাংলাদেশে নিয়ে এসে উনাকে বাংলাদেশের জাতীয় কবি করেছিলেন,এবং উনার একটি গান চল চল চল উর্ধ গগনে বাজে মাদল রন সঙ্গিদ হিসেবে মার্যাদা দেওয়া হয়েছে ।অনুষ্টানে

বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, প্রাণিসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহ হিল কাফি, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা শাহিনা আক্তার, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, বীর মুক্তিযোদ্ধা মঈন উদ্দিন পারভেজ, বীর মুক্তিযোদ্ধা আবুল কাশেম, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা খন্দকার হামিদুল ইসলাম আজম, সহকারী অধ্যাপক আসিফ জাহান, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, সহকারী শিক্ষা অফিসার বখতিয়ার উদ্দিন,কলেজিয়েট স্কুলের অধ্যক্ষ ও সাংবাদিক জামসিদুল হক মুনি। অনুষ্ঠানটি পরিচালনা করেন কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজা। আলোচনা সভার শেষে সাংস্কৃতিক অনুষ্ঠান ও কবিতা পাঠের আয়োজন করা হয়। সংগীত পরিবেশন করেন মুক্তিযোদ্ধা সাংস্কৃতিক গোষ্ঠীর শিল্পী বৃন্দ ও কবিতা পাঠ করেন বিশিষ্ট সাহিত্যিক কবি খন্দকার হামিদুল ইসলাম আজম, সহকারি অধ্যাপক কবি আসিফ জাহান, কবি গোলাম রহমান চৌধুরী সহ স্কুলের ছাত্র-ছাত্রী বৃন্দ।

ঝিনাইদহে “মার্কেট অর্গানাইজেশন

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রাজিবুল ইসলাম খান, এলজিইডি’র নির্বাহী প্রকৌশলী মনোয়ার উদ্দিন, সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশীদ, হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, পৌর মেয়র ফারুক হোসেন,সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন, শৈলকুপা উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরি, হরিনাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা সুস্মিতা সাহা, কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা ইসরাত জাহান, কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। “মার্কেট অর্গানাইজেশন এবং লিজিং” প্রচার কর্মশালা পরিচালনা করেন সহকারী কমিশনার ভূমি শারমিন আক্তার সুমি।

কালীগঞ্জে মালিয়াট ইউনিয়নে

বাজেট অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন মালীয়াট ইউপি আওয়ামী লীগের সভাপতি জাহাঙ্গীর হোসেন মনু বিশ্বাস, ইউপি মুক্তিযোদ্ধা কমান্ডার ইমদাদুল হক, উপ -সহকারী কৃষি কর্মকর্তা স্বপন কুন্ডু, ইউপি সংরক্ষিত মহিলা সদস্য সহ সাধারণ সদস্যরা। এছাড়া আরো উপস্থিত ছিলেন স্থানীয় গণ্যমান্য সামাজিক ব্যক্তিবর্গ সহ বিভিন্ন শ্রেণির পেশাজীবিগণ। এবারের বাজেটে রাজস্ব ও উন্নায়ন খাতের আয় সর্বমোট ১ কোটি ২৪ লাখ ৭ হাজার ৩শত ৮০ টাকা ও ব্যায় ও সমপরিমাণ রেখে বাজেট আনুষ্ঠানিক ভাবে ঘোষণা করেছে।

ডাকবাংলায় ধানের দাম নিয়ে

মো: ভুট্টো এর সাথে কথা বলে জানা যায়, এবার ধানের আমদানি বেশি হওয়ায় মোটামুটি কৃষক ভালো দাম পাচ্ছে।

অন্য এক আড়তদার মোঃ বাবলু জানান, তিনি হরিনাকুন্ডু থেকে ডাকবাংলা বাজারে ধান কিনতে। তিনি বলেন আমদানি বেশি হলে ধানের দাম একটু কম হয়। এছাড়া এই সময় হালখাতা হওয়ার কারণে অনেকে ধান বেচার জন্য বাজারে আসে। একসাথে অনেক ধান হওয়ার কারণে একটু দাম উঠানামা করে। তবে সেই হিসাব করতে গেলে দাম মোটামুটি ভালোই আছে।

আলমডাঙ্গা উপজেলা খাদ্য বিভাগের

প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু,সম্পাদক হামিদুল ইসলাম,সিনিয়র সাংবাদিক আতিয়ার রহমান,প্রশান্ত বিশ্বাস,ফিরোজ ইফতেখার,রোকন, ,মিলচাতাল মালিক মনিরুজ্জামান পিন্টু, অশোক কুমার সাহা,শৃশিল কুমার ভৌতিকা, বিপুল সাহা, জয়নাল কণ্যাপ প্রমুখ। এবারে খাদ্য গুদামে চাউল সংগ্রহ করা হবে ৪৪ টাকা কেজি দরে ১৪ শত ৮৭ মেট্রিক টন। গম ক্রয় করা হবে ৩৫ টাকা কেজি দরে ১ শত ৩৫ মেট্রিক টন, ধান ক্রয় করা হবে ৩০ টাকা কেজি ধরে ৯ শত ৫৫ মেট্রিক টন।এ সময় প্রধান অতিথি বলেন,আমারা আমাদের চাহিদা মোতাবেক খাদ্যদ্রব্য ক্রয় করতে সমর্থ হব ইনশাল্লাহ।প্রকৃত কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করা হবে,এবং চাল ও গম মিল মালিকদের কাছ থেকে সঠিক সময়ের মধ্যে ক্রয় করা হবে

তিন দিনব্যাপী ইবি পরিসংখ্যান

প্রতিষ্ঠাতা এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন, সহযোগী অধ্যাপক ড. সাজ্জাদ হোসেন এবং পরিসংখ্যান বিভাগের সভাপতি অধ্যাপক ড. মাহবুবুর রহমান। আরও উপস্থিত ছিলেন আইটি সোসাইটির সভাপতিসহ অন্যান্য সদস্যবৃন্দ। পরিসংখ্যান বিভাগের সভাপতি ড. মাহবুবুর রহমান বলেন,ওআমরা যে লক্ষ্য নিয়ে প্রোগ্রামিং কর্মশালা আয়োজন করেছিলাম আমি মনে করি তা সফল হয়েছে। ভবিষ্যতে আমরা আমাদের শিক্ষার্থীদের নিয়ে আরও প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবো। পরিসংখ্যান বিভাগের শিক্ষার্থীরা যেনো প্রোগ্রামিং এ দক্ষ হয় এবং ভবিষ্যতে শিক্ষার্থীরা যেনো জাতীয় পর্যায়ে প্রোগ্রামিং প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে এটা আমাদের লক্ষ্য। একই সাথে আমি আইটি সোসাইটিকে ধন্যবাদ জানাচ্ছি৷

আইটি সোসাইটির সভাপতি সিরাজুল ইসলাম বলেন,ওআমাদের সংগঠনের লক্ষ্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আইটি বিষয়ে দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করা। পরিসংখ্যান বিভাগের সাথে আমরা চেষ্টা করেছি। সামনের দিনগুলোতে আমাদের এই প্রচেষ্টা অব্যাহত থাকবে। ভবিষ্যতে যদি কোনো বিভাগ এমন আয়োজন করে তাহলে আমরা তাদের সহযোগিতা করবো৷ এছাড়াও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আব্দুস সালাম এবিষয়টিকে সন্তোষজনক বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

কুষ্টিয়ায় চলন্ত বাসে পিষ্ট হয়ে

মুছা ও পারভেজ মোটরসাইকেল নিয়ে খোকসা থেকে পাংশার দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে বিলজানি ফুলতলা এলাকায় বাসচাপায় ঘটনাস্থলে তারা নিহত হন। পরে খোকসা থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে। খোকসা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোস্তফা হাবিবুল্লাহ বলেন, পিছন থেকে বাসের ধাক্কায় মোটরসাইকেল আরোহী দুজন নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তায় পড়ে যায় এবং বাসের চাপায় ঘটনাস্থলে তাদের মৃত্যু হয়। বাসটি জব্দ করা হয়েছে। চালক পলাতক রয়েছে। চালককে আইনের আওতায় আনার চেষ্টা চলছে। এ ঘটনায় নিহতদের মরদেহ ময়নাতদন্তের জন্য মর্গে পাঠানো হয়েছে।

কোটচাঁদপুরে সড়ক দুর্ঘটনায়

মোটরসাইকেল যোগে দুই সেনা সদস্য সহ ৩ বন্ধু খালিশপুরে ঘুরতে যায়। রাত ১২ টার দিকে সেখান থেকে ফেরার পথে বলুহর বাসস্ট্যান্ডে পৌছালে কোটচাঁদপুর হাসপাতাল এলাকা থেকে আসা একটি এ্যাম্বুলেন্সের সঙ্গে সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেল আরোহী ৩ বন্ধু গুরতর হয়। স্থানীয়রা তাদের কে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাদেরকে উন্নত চিকিৎসার জন্য যশোরে রেফার্ড করেন। সেখান থেকে ঢাকায় নেওয়ার পথে সোহান মারা যায়। এঘটনায় গুরতর আহত দুই সেনা সদস্যকে যশোর সিএমএইচ থেকে হেলিকপ্টারযোগে ঢাকায় নেওয়া হয়েছে।

কোটচাঁদপুর থানার ডিউটি অফিসার এসআই নাজিবুল্লাহ জানান, এঘটনায় থানায় অপমৃত্যুর মামলা হয়েছে।

মেহেরপুরে আলোচিত রুপার

মামলা থেকে গ্রেফতার এড়ানোর জন্য আসামী নিজেকে মেহেরপুর জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সদস্য না হওয়া স্বত্ত্বেও সদস্য দাবী করিয়া বাংলাদেশ আওয়ামী লীগের ভাবমুর্তি ক্ষুন্ন করার অভিপ্রায়ে এবং মামলার বিচার কার্যক্রম ব্যাঘাত করার জন্য ও পুলিশ প্রশাসনকে চাপে রাখার জন্য আসামী কয়েকজন মহিলা ও পুরুষদের টাকার বিনিময়ে মিথ্যা প্রলোভন দেখিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার করে ঘটনার তারিখে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বে-আইনী সমাবেশ করে বক্তব্য প্রদান করে। রুপা বঙ্গবন্ধু সৈনিক লীগের কোন পদে না থেকেও পদ ব্যবহার করে প্রতারণা মূলক কাজ করছে এবং সংগঠন বিরোধী কার্যকলাপ চালিয়ে বাংলাদেশ আওয়ামী লীগের কর্মী ও সমর্থকসহ জনগণের মনে অনুভূতির আঘাত হানিয়া বাংলাদেশ আওয়ামী লীগের মান সম্মান ক্ষুন্ন করেছে। বাংলাদেশ আওয়ামী লীগের অর্থাৎ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার করে বাংলাদেশ আওয়ামী লীগের ভাবমুর্তি ক্ষুন্ন করেছে। বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান এবং প্রধানমন্ত্রীর ছবি সঠিক স্থানে প্রতিস্থাপন না করিয়া যত্রতত্র ব্যবহার করে মুক্তিযুদ্ধের চেতনায় আঘাত হানে এবং মুক্তিযুদ্ধের চেতনা অবমাননা করিয়া ডিজিটাল নিরাপত্তা আইনের বিধান লংঘন করেছে।

প্রতারণার অভিযোগে সাবেক স্বামীর

মেলামেশা করলে স্বামী খোকনের সহিত দূরত্ব সৃষ্টি হয়। এবং তার অত্যাচার সইতে না পেরে তাকে ডিভোর্স দিয়ে দেন। তিনি আরো অভিযোগ করেন নিজের বাড়িটা বুঝে পাচ্ছেন না। তাকে হত্যার উদ্দেশ্যে ছুরি দিয়ে আঘাত করলে বাম হাত কেটে রক্তাক্ত জখম অবস্থায় দৌড়ে পালিয়ে বাসার ভিতরে ঢুকে ডাক চিৎকার শুনে বাহিরের মানুষ ছুটে আসলে ওরা পালিয়ে যায়। পরবর্তী তে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি হয়ে জখম স্থানে ৯টা সেলাই দেওয়া হয়। এরপর চিকিৎসা শেষে চুয়াডাঙ্গা সদর থানায় অভিযোগ দায়ের করলে কোন ফলাফল না পেয়ে চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালত মামলা দায়ের করেন।

রোকেয়া অভিযোগ করে বলেন আমার উপরে যে অন্যায় অবিচার করা হয়েছে আমি তার বিচার পায়নি,আমি চুয়াডাঙ্গা সদর থানায় লিখিত অভিযোগ দিতে গেলে সদর থানায় ওসি আমার অভিযোগ গ্রহন করেনি বরং আমাকে চরম ভাবে অপমানিত করেছেন।

এবিষয়ে চুয়াডাঙ্গার সরদর থানার অফিসার্স ইনচার্জ মাহবুবুর রহমান কাজলের সাথে কথা হলে তিনি সাংবাদিকদের জানান, আপনি যার কথা বলছেন তিনি সাংবাদিকদের মিথ্যা তথ্য দিয়েছেন তিনি তার আপন দুই ভাই ও সাবেক স্বামীর নামে মামলা করেছেন যার এজাহার আমার কাছে আছে, তাছাড়া তিনি এখন তার সাবেক স্বামীর বাড়ী দখলের পায়তারা করছেন। একটু খোজ নিয়ে দেখুন তিনি ওই বাড়ী তার সাবেক স্বামীর নামে লিখে দিয়েছিলেন।

এছাড়াও মামলার আসামী সাবেক স্বামী খোকন ও ভাই দুলালের ফোন নাম্বার বন্ধ পাওয়া যায়।

এদিকে,ইটালি প্রবাসী রোকেয়া সাংবাদিকদের বলেন আমি একজন বীর মুক্তিযোদ্ধার সন্তা।ভ আমার বাবা একজন পুলিশ অফিসার ছিলেন। কিন্তু আমার সাথে শত্রুতা করে আমার সাবেক স্বামী ও দুই ভাই আমার বাড়ীটা দখল করে রেখেছে আমাকে হত্যার হুমকি দিচ্ছে আমি আমার জীবনের নিরাপত্তা চাই এবং সকল ঘটনার সঠিক বিচার চাই।

নির্বাচনী প্রক্রিয়ায় সংশ্লিষ্টদের

মোমেনের সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে এসব কথা বলেন রাষ্ট্রদূত।

পিটার হাস বলেন, সম্প্রতি যুক্তরাষ্ট্রের ভিসানীতির ঘোষণা নিয়ে আমরা আলোচনা করেছি। এটা প্রকৃতপক্ষে বাংলাদেশের জনগণ, সরকার এবং যারা এই সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের সঙ্গে যুক্ত তাদের জন্য প্রযোজ্য। যুক্তরাষ্ট্র সবসময় গণতান্ত্রিক নির্বাচনী প্রক্রিয়াকে সমর্থন করে বলেও এসময় উল্লেখ করেন রাষ্ট্রদূত হাস।

বাংলাদেশে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ জাতীয় নির্বাচনের লক্ষ্যে বুধবার নতুন ভিসানীতি ঘোষণা করেছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিংকেন।

এর আগে দুপুরে গুলশানে মার্কিন রাষ্ট্রদূতের বাসায় ঢাকায় নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত পিটার হাস ক্ষমতাসীন আওয়ামী লীগ, বিএনপি ও জাতীয় পার্টির প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেছেন।

পরে মার্কিন দূতাবাসের ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে জানানো হয়, আমরা অবাধ ও সুষ্ঠু নির্বাচনকে সমর্থন করি। গণতান্ত্রিক প্রক্রিয়াকে দুর্বল করে এমন ব্যক্তিদের ভিসা সীমিত করার এ নতুন ভিসা নীতি সবার জন্য প্রযোজ্য।

উল্লেখ্য, বাংলাদেশের আগামী জাতীয় সংসদ নির্বাচনকে যেসব ব্যক্তি বা গোষ্ঠী বাধাগ্রস্ত করবে বা গণতান্ত্রিক ধারাকে ব্যাহত করার চেষ্টা করবে, তাদের ও তাদের পরিবারের সদস্যদের ওপর যুক্তরাষ্ট্র ভিসা বিধিনিষেধ জারি করবে বলে জানান দেশটির পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেন।

বুধবার দেওয়া এক টুইটবার্তায় এ তথ্য জানান তিনি। পরে মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্রিফিংয়েও এ তথ্য নিশ্চিত করেন মন্ত্রণালয়ের মুখপাত্র ম্যাথিউ মিলার।

বুধবার বাংলাদেশ সময় রাত ১১টা ৮ মিনিটে এক টুইটবার্তায় মার্কিন পররাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশের আগামী জাতীয় নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করার লক্ষ্যকে সহায়তা করতে আমি আজ ইমিগ্রেশন অ্যান্ড ন্যাশনালিটি অ্যাক্টের ২১২ (এ) (৩) (সি) (৩সি) ধারার আওতায় নতুন ভিসা নীতি ঘোষণা করছি। এই নীতির অধীনে, যুক্তরাষ্ট্র বাংলাদেশের গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করার জন্য দায়ী বা জড়িত বলে মনে করা যেকোনো বাংলাদেশি ব্যক্তির ওপর ভিসা বিধিনিষেধ আরোপ করতে পারবে।

যুক্তরাষ্ট্রের ভিসা নীতি প্রধানমন্ত্রীর

আরোপ করার জন্য একটি আগাম সতর্কতা জারি করেছে।

বুধবার যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেনের ঘোষণার প্রতি ঢাকার প্রতিক্রিয়া ব্যক্ত করে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন এক সংবাদ সম্মেলনে বলেন, “নতুন মার্কিন নীতি বরং অবাধ ও সুষ্ঠু নির্বাচনের জন্য আমাদের অবস্থানকে আরও শক্তিশালী করেছে।”

তিনি বলেন, “নীতিটি ভালো, এটা নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই।” তিনি আরো বলেন, এটি বাংলাদেশ সরকারের ওপর কোনো বাড়তি চাপ সৃষ্টি করেনি যখন ওয়াশিংটনের সঙ্গে ঢাকার সম্পর্ক চমৎকার রয়েছে।

পররাষ্ট্রমন্ত্রী আশা করছেন যে, নতুন মার্কিন ভিসা নীতি বিরোধী রাজনৈতিক দলগুলিকে নির্বাচন নিয়ে কোনও সহিংসতা না করতে সতর্ক করবে। কারণ "এই ভিসা নিষেধাজ্ঞা শুধুমাত্র ক্ষমতাসীন দলের জন্য নয়, বরং বিরোধীদের জন্যও"।

বিএনপিকে নির্বাচনে আনতেই

ধারা প্রয়োগের কথা বলেছেন। ২১২ ধারায় বলা হয়েছে, যদি কোনো রাষ্ট্রের কোনো ব্যক্তি যেই হোন না কেন সুষ্ঠু-অবাধ-নিরপেক্ষ নির্বাচনের পথে বাধা সৃষ্টি করেন তবে মার্কিন যুক্তরাষ্ট্র সেই ব্যক্তিকে ভিসা প্রদানের ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করতে পারবে এবং তাকে ভিসা দিতে অস্বীকৃতি জানাতে পারবে। মার্কিন যুক্তরাষ্ট্র বিভিন্ন দেশে ২১২ ধারা প্রয়োগ করেছে। এটি শুধুমাত্র যে সরকারের জন্য প্রযোজ্য হবে তা নয়, যে কোনো ব্যক্তি, সরকারি কর্মকর্তা, আইন প্রয়োগকারী সংস্থার সদস্য, নির্বাচনের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তি, এমনকি বিরোধী দলের জন্যও এই নীতি প্রযোজ্য হবে। ফলে মার্কিন যুক্তরাষ্ট্র যদি মনে করে কোনো ব্যক্তি নির্বাচন অবাধ সুষ্ঠু নির্বাচনের পথে বিঘ্ন সৃষ্টি করেছেন, বাধাগ্রস্ত করেছেন তাহলে যুক্তরাষ্ট্র তাকে এবং তার পরিবারকে ভিসা দিতে অস্বীকৃতি জানাবে। এমনকি যাদের ভিসা রয়েছে তাদেরকেও এবং তাদের পরিবারের জন্য ভিসা বাতিলের ক্ষমতা আইনে রয়েছে।

মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের নির্বাচনের আগে এ ধরনের একটি নতুন ভিসা নীতি কেন ঘোষণা করল এ নিয়ে রাজনৈতিক অঙ্গনে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। বাহ্যিকভাবে মনে হতে পারে যে সরকারের ওপর চাপ প্রয়োগের লক্ষ্যে হয়তো এটি করা হয়েছে। কিন্তু বিভিন্ন কূটনীতিকদের সাথে আলোচনা করে দেখা যায় যে বিএনপিকে আগামী নির্বাচনে আনতে রাজনৈতিক সমঝোতার লক্ষ্যে এই নতুন ভিসা নীতি করা হয়েছে। বিএনপি বলছে যে নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার ছাড়া তারা আগামী নির্বাচনে অংশগ্রহণ করবে না। বিএনপির পক্ষ থেকে এটাও বলা হচ্ছে যে তারা মনে করে না যে দলীয় সরকারের অধীনে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন সম্ভব। অন্যদিকে সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে যে সংবিধানের বাইরে যাওয়ার কোনো সুযোগ নেই। এরকম পরিস্থিতিতে দলীয় সরকারের অধীনে কিভাবে একটি সুষ্ঠু নির্বাচন হয় এ নিয়ে যুক্তরাষ্ট্র অনেকদিন ধরে কাজ করছে, অংশীজনের সাথে আলাপ-আলোচনা করছে।

মার্কিন যুক্তরাষ্ট্র দেখেছে যে বাংলাদেশে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের পক্ষে সবচেয়ে বড় বাধা হলো প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং নির্বাচনের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিরা। তারা ক্ষমতাসীন দলকে সন্তুষ্ট করার জন্য নির্বাচনে প্রভাব বিস্তার করে। ক্ষমতাসীন দলকে বিজয়ী করার জন্য নির্বাচনে ভোট কারচুপি সহ অন্যান্য প্রক্রিয়া করে। যুক্তরাষ্ট্রের পর্যবেক্ষণে ২০১৮ সালের নির্বাচন নিয়েও অনেক প্রশ্ন রয়েছে। গত ডিসেম্বরে প্রকাশিত মানবাধিকার রিপোর্ট ২০১৮ নির্বাচন সম্পর্কে মার্কিন যুক্তরাষ্ট্র তার অবস্থান সুস্পষ্ট করেছে। এরকম পরিস্থিতিতে আগামী জাতীয় সংসদ নির্বাচনে যেন প্রভাবমুক্ত ভাবে হয় সেটি নিশ্চিত করার জন্যই এটি করা হয়েছে।

বিএনপি যেহেতু চাচ্ছে অবাধ-সুষ্ঠু-নিরপেক্ষ নির্বাচন। সেটি দলীয় সরকারের অধীনেও করা সম্ভব যদি না প্রশাসন এবং আইন প্রয়োগকারী সংস্থা নিরপেক্ষ ভূমিকা পালন করে। আর তাদেরকে নিরপেক্ষ ভূমিকা পালন করতে বাধ্য করার জন্য নতুন ভিসা নীতি করা হয়েছে বলে অনেকের ধারণা। এর ফলে প্রশাসনের অতি উৎসাহীরা দমে যাবেন এবং তারা নির্বাচনে পক্ষপাত করা থেকে বিরত থাকবেন। ফলে দলীয় সরকারের অধীনে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের একটা পথ তৈরি হবে।

এরকম একটি পরিস্থিতিতে বিএনপির জন্য নির্বাচন বর্জন করা কঠিন হবে। কারণ আগামী নির্বাচন যেন অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ হয় সেজন্য মার্কিন যুক্তরাষ্ট্র যা যা দরকার তা তা করবে বলে ঘোষণা দিয়েছে। ভিসা নীতি তার একটি উদাহরণ মাত্র। এই বাস্তবতায় এটি স্পষ্ট হচ্ছে যে পর্দার আড়ালে একটি রাজনৈতিক সমঝোতার চেষ্টা করছে এবং মার্কিন যুক্তরাষ্ট্র সরকারকে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন করার জন্য নানামুখী চাপ প্রয়োগ করছে। তার একটি অংশ হিসেবে এই নতুন ভিসা নীতি তৈরি করা হয়েছে। এর ফলে বিএনপির নির্বাচনে আসার পথ সুগম হবে বলে অনেকেই মনে করছেন।

দলীয় সরকারের অধীনে নির্বাচনে

রক্ষাকারী বাহিনীর অনেক উর্ধ্বতন কর্মকর্তার পরিবারের সদস্যরা যুক্তরাষ্ট্রে থাকেন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ভিসা তাদের জন্য এক ধরনের স্বপ্নের ঠিকানা। আর এ কারণেই তারা পক্ষপাত করে অতি উৎসাহ দেখিয়ে তাদের স্বপ্নের ঠিকানাকে অনিশ্চিত করতে চাইবেন না। এ কারণে তারা আগামী নির্বাচনে নিরপেক্ষ অবস্থান গ্রহণ করবেন বলে ধারণা করা হচ্ছে।

৩. সরকারি দলের জন্য সতর্কবার্তা: এই ভিসানীতিতে সরকারের জন্য সতর্কবার্তা দেওয়া হয়েছে। নির্বাচনের প্রায় সাত মাস আগে মার্কিন যুক্তরাষ্ট্রের এই ঘোষণার মাধ্যমে ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারকে এই বার্তাটা দেয়া হলো যে, মার্কিন যুক্তরাষ্ট্র এবার অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন করতে বদ্ধপরিকর। এমনকি যদি কোন কারচুপি হয়, তাহলে আরও কঠোর ব্যবস্থা গ্রহণ করতেও তারা কার্পূণ্য করবেন না।

৪. বিরোধী দলের জন্য বার্তা: এই ভিসানীতি বিরোধী দর্লের জন্য একটা কঠোর বার্তা হিসেবে বিবেচিত হচ্ছে। কারণ বিরোধী দল যদি নির্বাচন বানচালের জন্য জ্বালাও-পোড়াও ধ্বংসাত্মক তৎপরতায় লিপ্ত হয়, তাহলে তারাও যে মার্কিন খড়্গের মধ্যে পড়তে পারে- সেটি নতুন ভিসানীতিতে সুস্পষ্টভাবে বলে দেওয়া হয়েছে।

আর সর্বশেষ এই ভিসানীতির মধ্য দিয়ে নির্বাচন কমিশনকেও একটি বার্তা দেওয়া হয়। সেটি হলো-

৫. নির্বাচন কমিশনের জন্য একটি বার্তা: এই নতুন ভিসানীতি নির্বাচন কমিশনের জন্য একটি বার্তা। নির্বাচন কমিশন যদি শেষ পর্যন্ত অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচন না করে- তাহলে নির্বাচন কমিশনের ওপর নানা ধরনের ব্যবস্থা আসতে পারে এই ভিসানীতির মাধ্যমে- সেটি জানিয়ে দেওয়া হয়েছে। আর এই সমস্ত কারণেই এই ভিসানীতি বাংলাদেশের দলীয় সরকারের অধীনে আগামী নির্বাচনের জন্য একটি সুযোগ সৃষ্টি করে দিতে পারে বলে ধারণা করা হচ্ছে।

কাতার থেকে দেশে ফিরেছেন

বিন আবদুল রহমান বিন জসিম আল সানির সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক এবং রুয়ান্ডার প্রেসিডেন্ট পল কাগামের সঙ্গে বৈঠক করেন।

এছাড়াও, কাতারের জ্বালানি বিষয়ক প্রতিমন্ত্রী সাদ বিন শেরিদা আল কাবি এবং সৌদি আরবের বিনিয়োগ মন্ত্রী খালিদ এ আল-ফালিহ ও সৌদি অর্থনীতি ও পরিকল্পনা মন্ত্রী ফয়সাল আলিব্রাহিম একসঙ্গে প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করেন।

শেখ হাসিনা কাতার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশেও ভাষণ দেন এবং দোহায় কাতার ফাউন্ডেশনের অধীনে পরিচালিত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য বিশেষায়িত স্কুল আওসাজ একাডেমি পরিদর্শন করেন।

গাজীপুরে ৫০ শতাংশের মতো ভোট

আইনশৃঙ্খলা বাহিনী, নির্বাচন কমিশনের কর্মকর্তা, পর্যবেক্ষক টিম ও গণমাধ্যমের কাছ থেকে যে খবর পেয়েছি, সেটি হচ্ছে গাজীপুর সিটি নির্বাচন অত্যন্ত সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে। যেসব প্রার্থীরা নির্বাচনে অংশগ্রহণ করেছেন তারা সবাই বলেছেন নির্বাচন ব্যবস্থায় তারা অত্যন্ত সন্তুষ্ট। নির্বাচনে যে ফলই আসুক না কেন তারা সবাই মেনে নেবেন।’

ভোটারদের উপস্থিতি নিয়ে তিনি বলেন, ‘নির্বাচনী আইনে আছে যে, নির্বাচনের শেষ সময় পর্যন্ত যদি ভোটার উপস্থিতি থাকে, তাহলে ভোটারের ভোট না নেওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে। ব্যালটের ক্ষেত্রে যে নিয়ম ইভিএমের ক্ষেত্রেও একই নিয়ম। আমরা আশা করছি ৫০ শতাংশের মতো ভোট পড়েছে। তবে মোট হিসাব করলে সঠিক তথ্যটা পাওয়া যাবে।’

সিসিটিভিতে কোনও অনিয়ম ধরা পড়েছে কি না, এমন প্রশ্নে তিনি বলেন, ‘ভোটাররা অনেক সময় লাইন ধরে দাঁড়িয়ে থাকা ও অনেকের ভোট আগে নেওয়া এ ধরনের কিছু জিনিস আমাদের কাছে ধরা পড়েছে। সেগুলোর বিষয়ে আমরা তাৎক্ষণিকভাবে ফোন দিয়ে ব্যবস্থা নিয়েছি। এছাড়া দুটি কেন্দ্রে আমরা দেখেছিলাম, এজেন্ট ভোটারদের প্রভাবিত করার চেষ্টা করেছিলেন। তখন আমরা তাদের ফোন দিয়ে ও পুলিশকে খবর দিয়ে কেন্দ্র থেকে বের করে দেওয়ার ব্যবস্থা করেছি।’

‘আমাদের ও পুলিশের নজরে আর কোনও ঘটনা আসেনি। প্রায় সাড়ে চার হাজার সিসিটিভিতে ভোট মনিটরিং করা হয়েছে। এগুলো আবার একসঙ্গে দেখা যায়নি। এগুলো পর্যায়ক্রমে দেখতে হয়েছে। একবারে তিন থেকে ৪০০ সিসিটিভি দেখা গেছে। এজন্য কিছু ঘটনা আমাদের নজরে নাও পড়তে পারে। সিসিটিভির এই উদ্যোগটাই আমাদের সফলতা। সিসিটিভিতে যেগুলো ধরা পড়েছে সেগুলোর বিরুদ্ধে আমরা তাৎক্ষণিক ব্যবস্থা নিয়েছি।’

কেন্দ্রে জায়েদা খাতুনের এজেন্ট ছিল না, সাংবাদিকরা এ প্রসঙ্গ তুললে এই ইসি বলেন, ‘গাজীপুরে অবস্থানরত গণমাধ্যম কর্মীদের সঙ্গে আমাদের কথা হয়েছে। তারাও আমাদের বলেছে, এরকম কোনও কিছু হয়নি। ইসির আইন অনুযায়ী আগামী নির্বাচন হবে। এর সঙ্গে বিদেশিদের কোনও মন্তব্য আমরা নেব না। এটা রাষ্ট্র টু রাষ্ট্র দেখবে। গাজীপুর সিটি নির্বাচন নিয়ে আমরা অত্যন্ত সন্তুষ্ট, আপনারাও সন্তুষ্ট এবং আপনাদের প্রতিনিধিরাও সন্তুষ্ট। একইসঙ্গে ভোটাররা সন্তুষ্ট ও প্রার্থীরাও সন্তুষ্ট। এটা আপনাদের গণমাধ্যমের মাধ্যমেই প্রকাশ করেছেন।’

১৪ জুন থেকে ট্রেনের অগ্রিম

মাধ্যমে তা তুলে ধরার কথা রয়েছে। ১৪ জুন পাওয়া যাবে ২৪ জুনের টিকিট। একইভাবে ১৫ জুন দেওয়া হবে ২৫ জুনের, ১৬ জুন ২৬ জুনের, ১৭ জুন ২৭ জুনের ও ১৮ জুন দেওয়া হবে ২৮ জুনের অগ্রিম টিকিট। ঈদ যাত্রার ট্রেনের ফিরতি অগ্রিম টিকিট দেওয়া শুরু হবে ২২ জুন। সেই হিসেবে ২২ জুন দেওয়া হতে পারে ২ জুলাইয়ের টিকিট। যথাক্রমে ২৩ জুন ৩ জুলাইয়ের, ২৪ জুন ৪ জুলাইয়ের, ২৫ জুন ৫ জুলাইয়ের ও ২৬ জুন ৬ জুলাইয়ের টিকিট দেওয়া হবে।

আট জোড়া বিশেষ ট্রেন চালানোর প্রস্তাব: রেলের কর্মপরিকল্পনা অনুযায়ী, ২৬ জুন থেকে ঈদের আগের দিন পর্যন্ত এবং ঈদের পরদিন থেকে পাঁচদিন চাঁদপুর-চট্টগ্রাম ও ঢাকা-দেওয়ানগঞ্জ পথে তিন জোড়া বিশেষ ট্রেন চালানো হবে। এক জোড়া বিশেষ ট্রেন চালানো হবে ময়মনসিংহ-চট্টগ্রাম পথে। ভৈরব ও ময়মনসিংহ থেকে দুই জোড়া বিশেষ ট্রেন চালানো হবে শুধু ঈদের দিন শোলাকিয়া ঈদগাহ ময়দানে যাওয়ার জন্য। এ ছাড়া আরও দুই জোড়া বিশেষ ট্রেন ঈদের আগে ও পরে ছয়দিন চালানো হবে ঢাকা ক্যান্টনমেন্ট থেকে পঞ্চগড় ও লালমনিরহাটের উদ্দেশে। এই ঈদকে কেন্দ্র করে এক জোড়া নতুন ট্রেনের যাত্রা শুরু হবে ঢাকা-চিলাহাটি-ঢাকা পথে।

বাংলাদেশী প্রেমিকার সাথে দেখা করতে এসে ভারতীয় যুবকের কারাভোগ

চুয়াডাঙ্গা প্রতিনিধি ; বাংলাদেশী প্রেমিকার সাথে দেখা করতে এসে আফফান শেখ (২৫) নামের এক ভারতীয় যুবক তিন মাস কারাভোগ শেষে দেশে ফিরেছেন। তিনি মুর্শিদাবাদ জেলার জলঙ্গি থানার সরকারপাড়ার ইসলাম শেখের ছেলে। বৃহস্পতিবার দুপুর ১টার দিকে দর্শনা আইসিপি সীমান্তের ৭৬ নং মেইন পিলারের নিকট পতাকা বৈঠকের মাধ্যমে তাকে বিএসএফ'র কাছে হস্তান্তর করা হয়।

বিজিবি জানায়, তিন মাস আগে কুষ্টিয়ার দৌলৎপুর সীমান্ত দিয়ে বাংলাদেশি প্রেমিকার সাথে দেখা করতে আসে আফফান শেখ। এ সময় বিজিবি সদস্যরা তাকে আটক করে থানা পুলিশের সোপর্দ করে। পরে অবৈধভাবে প্রবেশের দায়ে তাকে ৩ মাসের কারাদন্ড প্রদান করেন আদালত। বৃহস্পতিবার দুপুরে বিজিবি-বিএসএফের পতাকা বৈঠকের মাধ্যমে তাকে ফেরত দেয়া হয়েছে। পতাকা বৈঠকে উপস্থিত ছিলেন বাংলাদেশ দর্শনা চেকপোস্ট ইমিগ্রেশন পুলিশের ইনচার্জ এসআই মো. আবু নাঈম, দর্শনা আইসিপি বিজিবি ক্যাম্পের ইনচার্জ কমান্ডার মো. আব্দুল জলিল এবং ভারতের পক্ষে উপস্থিত ছিলেন গেদে ইমিগ্রেশন পুলিশের ইনচার্জ গোপাল চন্দ্র দে, গেদে বিএসএফ ক্যাম্পের ইনচার্জ এসি মহেশ, কৃষ্ণগঞ্জ থানার এসআই সুমন কুমার ঘোষ প্রমুখ।

বসতবাড়ি থেকে দুই মণ ভারতীয় রুপার গহনা জব্দ

চুয়াডাঙ্গা প্রতিনিধি : চুয়াডাঙ্গার দর্শনা পৌর এলাকার মোবারকপাড়ায় একটি বসতবাড়িতে অভিযান চালিয়ে ভারত থেকে পাচার করে আনা ৭৭ কেজি ৭০০ গ্রাম ওজনের রুপার গহনা জব্দ করেছে বিজিবি। বুধবার রাত ১০টায় পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানায় চুয়াডাঙ্গা ৬ বিজিবি ব্যাটালিয়ন।

চুয়াডাঙ্গা ৬ বিজিবির পরিচালক লে. কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান জানান, গোপন সূত্রে খবর পেয়ে মোবারকপাড়ার মোস্তাফ আলীর বসতবাড়িতে অভিযান চালায় বিজিবি। অভিযানে পরিত্যক্ত অবস্থায় ৪টি বস্তায় রাখা ৭৭ কেজি ৭০০ গ্রাম ওজনের রুপার গহনা জব্দ করা হয়। এ বিষয়ে পাশের বাড়ি মৃত বাবু আলীর ছেলে মো. সোহাগকে পলাতক আসামী করে দর্শনা থানায় মামলা দায়ের করা হয়েছে।

বিজিবি পরিচালক আরো জানান, আটককৃত রুপার গহনা ভারত থেকে পাচার করে এনে মোবারকপাড়ায় মজুদ করা হয়েছিলো বলে ধারণা করা হচ্ছে। জব্দকৃত রুপার গহনা ট্রেজারি অফিসে জমা করা হয়েছে।

নিজের পিস্তলের গুলিতে কনস্টেবলের আত্মহত্যা

নিজস্ব প্রতিবেদক : রাজধানীর বনানী এলাকায় নিজের পিস্তল দিয়ে নিজেই গুলি করে আত্মহত্যা করেছেন পুলিশের এক কনস্টেবল। তিনি পাবলিক অর্ডার ম্যানেজমেন্টে (পিওএম) কর্মরত ছিলেন। কনস্টেবলের নাম আশরাফ উজ জামান রনি (২২)। পুলিশ জানায়, সকালে ডিউটি করতে গিয়ে বাথরুমে যাওয়ার কথা বলে তিনি নিজেই আত্মহত্যা করেন। গতকাল বৃহস্পতিবার সকাল ৬টা ৪৯ মিনিটের দিকে এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন বনানী থানার ওসি মো. মোস্তাফিজুর রহমান। তিনি বলেন, বনানী ১১ নম্বরে চেকপোস্টে তার ডিউটি ছিল। সকালে স্বাভাবিকভাবে তিনি ডিউটিতে আসেন। সঙ্গে আরও পুলিশ সদস্য ছিল। চেকপোস্টের পাশেই বাথরুমে যাওয়ার কথা বলে নিজের পিস্তল দিয়ে নিজে গুলি করে আত্মহত্যা করেন কনস্টেবল রনি। ওসি আরও জানান, সেখান থেকে তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে নেওয়া হয়েছে। প্রেমঘটিত কারণে বিষন্নতা থেকে কনস্টেবল আশরাফ উজ জামান রনি (২২) আত্মহত্যা করে থাকতে পারেন বলে জানিয়েছেন গুলশান বিভাগের উপকমিশনার (ডিসি) মো. শহিদুল্লাহ।

চুয়াডাঙ্গায় কিশোর-কিশোরী ক্লাবের কমিটি গঠন

চুয়াডাঙ্গা প্রতিনিধি : চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর-কিশোরীদের নিয়ে সমন্বয় সভা ও সদর উপজেলা কিশোর-কিশোরী ক্লাব কমিটি গঠন করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টায় চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন ট্রেনিং সেন্টারের সম্মেলন কক্ষে এই সভার আয়োজন করা হয়। কৈশোর কর্মসূচির প্রকল্পের আওতায় এ কমিটি গঠন করা হয়েছে।

সমন্বয় সভায় সদর উপজেলার সকল ইউনিয়নের কিশোর-কিশোরী ক্লাবের পরিচালকদের নিয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের কমিটি গঠন করা হয়। কমিটিতে আল মুতাকাব্বির সাকিবকে সভাপতি ও সাব্বির আহমেদ আকাশকে সাধারণ সম্পাদক করে কমিটি গঠন করা হয়। কমিটির অন্যরা হলেন, সহ-সভাপতি আফসানা ও পান্না, সহ-সাধারণ সম্পাদক হাসান আলি, মোছা. স্মৃতি খাতুন, সাংগাঠনিক সম্পাদক শাফিকুর রহমান, সহ-সাংগাঠনিক সম্পাদক মো. সালাম, প্রচার সম্পাদক মনিরুল ইসলাম, সহ-প্রচার সম্পাদক রায়হান উদ্দিন, দপ্তর সম্পাদক মিনারুল ইসলাম, সাংস্কৃতিক ও ক্রীড়া সম্পাদক ইকলাসুর রহমান, সামাজিক সচেতনতা সম্পাদক তানিয়া খাতুন, কোষাধ্যক্ষ সাক্ষর রহমান এবং তথ্য ও প্রযুক্তি সম্পাদক উম্মে মাইমুনা। সমন্বয় সভায় উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, লোকমোর্চা সদস্য শেখ লিটন প্রমুখ।

পাবনায় পরিবহন শ্রমিক-মালিকদের মহাসড়ক অবরোধ, ভোগান্তিতে যাত্রীরা

নিজস্ব প্রতিবেদক : গাড়ি ভাঙচুরের অভিযোগে পাবনা-ঢাকা মহাসড়ক অবরোধ রেখেছেন পরিবহন শ্রমিক ও মালিকরা। এতে বগুড়া, সিরাজগঞ্জ ও ঢাকাগামী যাত্রীরা ভোগান্তিতে পড়েছেন। গতকাল বৃহস্পতিবার সকাল থেকে পাবনার বেড়া উপজেলার কাশীনাথপুর এলাকায় এ অবরোধ শুরু করেন তারা। জানা গেছে, গতকাল বৃহস্পতিবার সকাল থেকে কাশীনাথপুরে পাবনা জেলা মটর মালিক গ্রুপ (নগরবাড়ি) ও পাবনা জেলা সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়নের (নগরবাড়ি) নেতাকর্মীরা পাবনা-ঢাকা মহাসড়ক অবরোধ করে রাখেন। এতে ঢাকা, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়াগামী লোকজন কাশীনাথপুর মোড়ে এসে আটকে পড়েন। দীর্ঘ সময় আটকে থাকার পর লোকজন ভেঙে ভেঙে পাবনা ও ঢাকার পথে রওয়ানা দেন। কাশীনাথপুর থেকে ঢাকাগামী যাত্রীরা কাজীরহাট ফেরিপথে আর পাবনা শহর থেকে ছেড়ে আসা বাস সাঁথিয়া উপজেলার মাধপুর-বেড়া সড়ক হয়ে যাচ্ছে। যাত্রীদের অতিরিক্ত ভাড়ায় সিএনজিচালিত ও ব্যাটারিচালিত অটোরিকশায় পাবনা শহরে যেতে হচ্ছে। কাশীনাথপুর থেকে পাবনা শহরগামী যাত্রী হাফিজুর রহমান বলেন, দরকারি কাজে পাবনা রওয়ানা হয়েছিলাম। কিন্তু কাশীনাথপুরে এসে দেখি বাস বন্ধ। এখন ফিরে যাচ্ছি। আরেক যাত্রী সালাউদ্দিন আহমেদ বলেন, বাসে দুলাই কলেজে যাতায়াত করি। বাস বন্ধ থাকায় বেশি ভাড়া দিয়ে যেতে হচ্ছে। পাবনা জেলা মোটর মালিক গ্রুপ এবং পাবনা জেলা সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়নের নেতারা বলছেন, সিরাজগঞ্জের শাহজাদপুরে পাবনা জেলার মালিকদের ছয়টি গাড়ি ভাঙচুর করা হয়েছে। সেখানকার শ্রমিক ও মালিক সংগঠনের নেতাকর্মীরা এসব গাড়ি ভাঙচুর করেছেন। এতে প্রায় দুই লাখ টাকার ক্ষতি হয়েছে। এর ক্ষতিপূরণ তাদের দিতে হবে। এছাড়া শাহজাদপুরে যখন-তখন পাবনার গাড়ির শ্রমিকদের হয়রানি বন্ধ ও গাড়ি চলাচলে বাধা দেওয়া বন্ধ করতে হবে। তার এর সুষ্ঠু বিচার না হওয়া পর্যন্ত সড়ক অবরোধ চলবে বলে জানিয়েছেন তারা। পাবনা জেলা সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক শাহ আলম মুক্তি বলেন, শাহজাদপুরে প্রায় তাদের শ্রমিকরা মারধরের শিকার হন। হয়রানি বন্ধের দাবি জানাচ্ছি। বিচার না হওয়া পর্যন্ত এবং শ্রমিকদের নিরাপত্তায় সুনির্দিষ্ট নিশ্চয়তা না হওয়া পর্যন্ত আমাদের অবরোধ চলবে। পাবনা জেলা মোটর মালিক গ্রুপের (নগরবাড়ি) সভাপতি মোখলেছুর রহমান মুকুল বলেন, শাহজাদপুরের অভিযুক্ত বাস মালিক ও শ্রমিকদের বিচার ও উপযুক্ত ক্ষতিপূরণ না দেওয়া পর্যন্ত অবরোধ চলবে। আমিনপুর থানার ওসি আনিসুর রহমান বলেন, সিরাজগঞ্জের শাহজাদপুরে পাবনার মালিকদের ছয়টি গাড়ি ভাঙচুরের প্রতিবাদে এ অবরোধ চলছে বলে জেনেছি।

ফরিদপুরে বাবাকে হত্যায় দায়ে মেয়ের ফাঁসি

নিজস্ব প্রতিবেদক : ফরিদপুর জেলায় দ্বিতীয় বিয়ে করার বিরোধে পিতা হাফেজ আবুল বাশারকে (৬০) গলা কেটে হত্যার দায়ে ছোট মেয়ে নিলুফা আক্তারকে (৩২) ফাঁসি, স্ত্রী সাহিদা পারভীন (৫৮) ও বড় মেয়ে হাফিজা বেগমকে (৪২) যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আদালত। সেই সঙ্গে তাদের প্রত্যেককে ২০ হাজার টাকা অর্থদণ্ড করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুর দেড়টার দিকে ফরিদপুর জজ কোর্টের অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম আদালতের বিচারক অশোক কুমার দত্ত এ রায় দেন। রায় ঘোষণার সময় আসামিরা আদালতে উপস্থিত ছিলেন। তাদের পুলিশ প্রহরায় জেলা হাজতে পাঠানো হয়। মামলার বিবরণে জানা যায়, ফরিদপুরের সালথা উপজেলার খোয়াড় গ্রামের মৃত হাফেজ আবুল বাশার তার প্রথম স্ত্রী সাহিদা পারভীনের সঙ্গে ফরিদপুর শহরের আলীপুরের প্রামাণিক পাড়ায় ভাড়া থাকতেন। পরে আবুল বাশার দ্বিতীয় বিয়ে করায় প্রথম স্ত্রীর সঙ্গে বনিবনা হতো না। এই নিয়ে তাদের মধ্যে বিরোধ চলছিল। বিরোধের মধ্যে আবুল বাশার দ্বিতীয় স্ত্রীকে নিয়ে তার গ্রামের বাড়ি সালথায় বসবাস করতেন ও প্রথম স্ত্রীর সঙ্গেও যোগাযোগ রাখতেন। ঘটনার দিন ২০১৬ সালের ২৫ সেপ্টেম্বর আবুল বাশার তার প্রথম স্ত্রীর সাহিদার আলীপুরের বাসায় আসলে সন্ধ্যা আনুমানিক সাড়ে ৬টার দিকে স্ত্রী সাহিদা পারভীন, বড় মেয়ে হাফিজা বেগম ও ছোট মেয়ে নিলুফা আক্তারের পূর্ব পরিকল্পনা অনুযায়ী আবুল বাশারকে প্রথমে ঘুমের ওষুধ দিয়ে নিস্তেজ করে কুড়াল দিয়ে মাথায় আঘাত করে ও পরবর্তীতে বটি দিয়ে গলাকেটে মৃত্যু নিশ্চিত করে। পরে এ ঘটনায় আবুল বাশারের ভাই লোকমান ফকির ফরিদপুর কোতোয়ালি থানায় একটি হত্যা

তাহেরহুদায় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

হরিণাকুন্ডু প্রতিনিধি : ঝিনাইদহের হরিণাকুন্ডুর তাহেরহুদায় জাতীয় কবি কাজী নজারুল ইসলামের ১২৪তম জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। লালন ভূমি থিয়েটার তাহেরহুদায় আয়োজনে বুধবার দিবাগত রাতে অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপস্থিত ছিলেন লালন ভূমি থিয়েটারের সভাপতি হাবিবুর রহমান, সাধারণ সম্পাদক আল আমিন নয়ন, সাংগঠনিক সম্পাদক আশরাফুল ইসলাম তারা, দপ্তর সম্পাদক রবিউল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন শিল্পী মোঃ বারি মন্ডল সহ আরও অনেক গুনী শিল্পীরা। আলোচনা সভা শেষে শল্পীরা নজরুল সংগীত পরিবেশন করেন।

গাংনীতে লাটাহাম্বার উল্টে কিশোর নিহত

গাংনী প্রতিনিধিঃ মেহেরপুরের গাংনীতে অবৈধ শ্যালো ইঞ্জিন চালিত লাটাহাম্বার উল্টে কিশোর সাজ্জাদ হোসেন (১৪) নিহত ও গুরুতর আহত হয়েছে হাসান আলি (১৫) নামের এক কিশোর। বৃহস্পতিবার সকাল আটটার দিকে উপজেলার মোহাম্মদপুর গ্রামে এ ঘটনা ঘটে। নিহত সাজ্জাদ হোসেন উপজেলা চরগোয়াল গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে ও গুরুতর আহত হাসান আলী একই এলাকার শরিফুল ইসলামের ছেলে। স্থানীয়র ও নিহতর পরিবার সূত্রে জানা যায়, আব্দুস সাত্তারের ছেলে হেলালের অবৈধ শ্যালোইঞ্জিন চালিত লাটাহাম্বার গাড়ি নিয়ে ইটভাটায় মাটি দেওয়ার উদ্দেশ্যে বাড়ি থেকে বের হয় সাজ্জাদ হোসেনসহ তার বন্ধুরা। পুরাতন মটমুড়া-মোহাম্মদপুর সড়কে লাটাহাম্বা নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে গেলে ঘটনাস্থলেই সাজ্জাদ হোসেনের মৃত্যু হয়। আহত হাসানকে উদ্ধার করে স্থানীয় ক্লিনিকে নেওয়া হলে অবস্থার অবনতি হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়। ভবানীপুর ক্যাম্প ইনচার্জ এস আই আবুল কালাম আজাদ জানান, পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে উর্ধ্বতন কর্মকর্তার পরামর্শে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

Meeting with School Management Committee
&
Outstanding Achievement

মুজিবনগরে শিক্ষকদের মাঝে পুরস্কার বিতরণ

মেহেরপুর প্রতিনিধিঃ মেহেরপুরের মুজিবনগরে বিদ্যালয় পরিচালনা কমিটির সাথে মতবিনিময় সম্মান অর্জনের জন্য বিদ্যালয় ও শিক্ষকবৃন্দের মাঝে পুরস্কার বিতরণ করেছে গুডনেইবারর্স বাংলাদেশ সিডিপি। বৃহস্পতিবার বিকাল ৫টায় বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে হল রুমে এই সভা ও পুরস্কার বিতরন করা হয়। গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি'র সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় এবং গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন একাডেমি সুপারভাইজার হাসনাইন করিম। সভায় উপজেলা ১০টি বিদ্যালয়রে প্রধান শিক্ষক,১ জন সহকারি শিক্ষক এবং ১ জন এসএমসি সদস্য অংশ গ্রহন করেন। অসামান্য অর্জনের জন্য মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয় গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এবং জয়পুর তারানগর মাধ্যমিক বিদ্যালয়কে পুরস্কৃত করা হয়। সেই সাথে উপজেলার ভালো শিক্ষক হিসেবে অসামান্য অবদানের রাখার জন্য প্রধান শিক্ষক ইজারুল ইসলাম কে শ্রেষ্ঠ শিক্ষক ও আনন্দবাস মিয়া মুনসুর একাডেমীর রাসেল উদ্দিনকে শ্রেষ্ঠ সহকারী শিক্ষক এবং আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এর তানিয়া আক্তার শ্রেষ্ঠ সহকারী শিক্ষকের পুরস্কার প্রদান করা হয়।

বিদেশি পার্সেলের লোভ দেখিয়ে প্রতারণা, গ্রেপ্তার ৪

নিজস্ব প্রতিবেদক : মুন্সীগঞ্জের সিরাজদীখান থানাধীন এলাকায় বসবাস করেন ২৬ বছর বয়সী এক নারী। তার সঙ্গে সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে বিদেশি এক ব্যক্তির পরিচয় হয়। একপর্যায়ে বিদেশি ব্যক্তি ১৭ মে ওই নারীর ঠিকানায় একটি পার্সেল পাঠিয়েছেন বলে জানান। পার্সেলটি বিমানবন্দর থেকে সংগ্রহ করতে বলেন তিনি। পরদিন হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কাস্টমসের পরিচয় দিয়ে অজ্ঞাতনামা এক নারী ভুক্তভোগীকে ফোন করেন। তিনি তাকে বলেন যে, আপনার নামে বিদেশে থেকে একটি মূল্যবান পার্সেল এসেছে। পার্সেল ডেলিভারি করতে কাস্টমস চার্জ হিসেবে ৬০ হাজার টাকা দিতে হবে। আর এভাবেই একটি চক্র প্রতারণার মাধ্যমে টাকা হাতিয়ে নিচ্ছে। আর এই চক্রে বাংলাদেশিদের সঙ্গে নাইজেরিয়ান নাগরিকও রয়েছেন। র‍্যাব জানায়, ঢাকায় বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে চক্রের চার সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে। তারা হলেন, নাইজেরিয়ার নাগরিক চার্লস ইফেনডি উডিজিও (২৭) ও ফ্রাঙ্ক কোকো ওব্রিক্স (৩৫)। আর দুই বাংলাদেশি হলেন শফি মোল্লা (৩৬) এবং মোছা. মৌসুমি খাতুন (২৭)। গতকাল বৃহস্পতিবার দুপুরে রাজধানীর কারওয়ান বাজারে র‍্যাব মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান র‍্যাব-১০ এর অধিনায়ক এডিশনাল ডিআইজি মোহাম্মদ ফরিদ উদ্দিন। তিনি বলেন, গত বুধবার র‍্যাবের একটি দল রাজধানীর বাড্ডা, বসুন্ধরা আবাসিক এলাকা এবং কদমতলীর শামীমবাগে অভিযান চালিয়ে দুই বিদেশি নাগরিকসহ চারজনকে গ্রেপ্তার করা হয়। তাদের কাছ থেকে একটি মোটরসাইকেল, আটটি মোবাইল ও প্রতারণা কাজে ব্যবহৃত ভুয়া ইনভয়েস উদ্ধার করা হয়। র‍্যাব জানায়, ভুক্তভোগী ওই নারী অভিযোগ করেন যে, পার্সেল ডেলিভারির জন্য কাস্টমস চার্জ হিসেবে ৬০ হাজার টাকা ব্যাংকের মাধ্যমে পরিশোধ করার কথা বলেন তারা। এরপর ভুক্তভোগী ওই নারী অজ্ঞাতনামা ব্যক্তির দেওয়া ব্যাংক একাউন্টের মাধ্যমে ৩৫ হাজার টাকা দেন। এরপর সিকিউরিটি বাবদ আরও ৩০ হাজার টাকার জন্য বিভিন্নভাবে তাকে চাপ দেওয়া হতে থাকে। এরপর ওই নারীর কথা অনুযায়ী আরও ৩০ হাজার টাকা পাঠান ভুক্তভোগী। এরপর পার্সেল দাবি করলে ওই নারী ফোনে জানান, তার পার্সেল বাসায় পৌঁছে যাবে। এরপর নানা কথা বলে আরও আট হাজার ৩২০ টাকা বিকাশের মধ্যমে পাঠাতে বলা হয়। এরপর ভিকটিম তার আত্মীয়দের সঙ্গে আলোচনা করে র‍্যাবের কাছে অভিযোগ করেন। র‍্যাব-১০ এর অধিনায়ক বলেন, গ্রেপ্তাররা সামাজিক যোগাযোগমাধ্যমে ভুয়া আইডি খুলে বিভিন্ন প্রোফাইল ঘেঁটে ঘেঁটে ব্যবসায়ী, চাকরিজীবী উচ্চবিত্তসহ সহজ-সরল মানুষকে ফ্রেন্ড রিকুয়েস্ট পাঠায়।

ভর্তি পরীক্ষা উপলক্ষে রাবিতে বাস চলাচলে সূচি পরিবর্তন

নিজস্ব প্রতিবেদক : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথমবর্ষের ভর্তি পরীক্ষা উপলক্ষে পরিবহন ব্যবস্থার সময়সূচি পরিবর্তন করেছে কর্তৃপক্ষ। পরিবর্তিত এ সিদ্ধান্ত ২৯ মে থেকে ৩১ মে পর্যন্ত কার্যকর হবে। গতকাল বৃহস্পতিবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পরিবহন দপ্তরের প্রশাসক মোকছিদুল হকের সই করা বিজ্ঞপ্তিতে এ তথ্য প্রকাশ করা হয়। নতুন সময়সূচি অনুযায়ী, ২৯ ও ৩০ মে দুদিন বিশ্ববিদ্যালয় বাসস্ট্যান্ড থেকে সকাল পৌনে ৭টা ও বিকেল সোয়া ৫টা ছাত্র-ছাত্রীদের বাসগুলো নির্দিষ্ট গন্তব্যের উদ্দেশ্যে ছেড়ে যাবে। তবে ৩১ মে বিকেল পৌনে ৩টায় নির্দিষ্ট গন্তব্যের উদ্দেশ্যে ক্যাম্পাস ছেড়ে যাবে।

ফলসী ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কমিটি গঠন

হরিণাকুন্ডু প্রতিনিধি : ঝিনাইদহের হরিণাকুন্ডু **ফলসী ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কমিটি গঠন হয়েছে। এতে সভাপতি নির্বাচিত হয়েছেন** কুলবাড়ীয়া গ্রামের মোঃ সোহেল রানা ও সাধারন সম্পাদক নির্বাচিত হয়েছেন বলরামপুর গ্রামের মোঃ নয়ন ইসলাম। এছাড়া সাংগঠনিক সম্পাদক নির্বাচিত হয়েছেন ফলসী গ্রামের মোঃ সাকিব আহমেদ বিটু। কুলবাড়ীয়া বাজারে ফলসী ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কর্মীসভা শেষে এ নতুন কমিটি ঘোষণা করা হয়। ফলসী ইউনিয়ন আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কর্মীসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সদস্য সচিব মোঃ রানা হামিদ। বিশেষ অতিথি ছিলেন ফলসী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মো.ফজলুর রহমান মোল্লা। এছাড়াও উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মোঃফিরোজ সালাহ্ উদ্দিন, হরিণাকুন্ডু পৌরসভার মেয়র ,মোঃ ফারুক হোসে, হরিণাকুন্ডু উপজেলা ভাইস চেয়ারম্যান ,মোঃ শহিদুল ইসলাম শিলুসহ স্থানীয় নেতা-কর্মী।

গাংনীর মটমুড়া ইউপি মেম্বর উপ-নির্বাচন স্বামীর পদে স্ত্রী বিজয়ী

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের ২নং ওয়ার্ড সদস্য (মেম্বর) পদে জয়লাভ করেছেন পলিয়ারা খাতুন। এর আগে এ পদটিতে ছিলেন পলিয়ারার স্বামী সুবহান আলী। সুবহানের মৃত্যুজনিত উপ-নির্বাচনে তার স্ত্রী পলিয়ারাকেই বেছে নিয়েছেন ভোটাররা। প্রতিদ্বন্দী প্রার্থীকে প্রায় ২ হাজার ভোটের ব্যবধানে পরাজিত করে বিজয়ের মালা পরেছেন পলিয়ারা খাতুন। বৃহস্পতিবার হাজী ভরষ উদ্দীন মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রে ইভিএম পদ্ধতিতে ভোট গ্রহণ করা হয়। জানা গেছে, পলিয়ারা খাতুন মোরগ প্রতীকে ২ হাজার ৬০৮ ভোট পেয়েছেন। তার একমাত্র প্রতিদ্বন্দী কামাল হোসেন (টিউবওয়েল) ৬৫১ ভোট পেয়েছেন। এ ওয়ার্ডটিতে ৬ হাজার ২৭৪ জন ভোটারের মধ্যে ৩ হাজার ২৫৯ জন ভোটাধিকার প্রয়োগ করেন। সকাল ৮টা থেকে শুরু হয়ে বিরতিহীনভাবে বিকেল ৪টা পর্যন্ত ভোট গ্রহণ শেষে ফলাফল ঘোষণা করেন প্রিজাইডিং অফিসারের দায়িত্বপ্রাপ্ত গাংনী উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী মাহফুজুর রহমান। জানা গেছে, গেল ১৪ ফেব্রুয়ারী হলুদ সিদ্ধ করার গরম প্যানিতে পড়ে মৃত্যু বরণ করেন মটমুড়া ইউনিয়নের ২নং ওয়ার্ড সদস্য মহাম্মদপুর গ্রামের সোহবান আলী। ফলে এ ওয়ার্ডের মেম্বর পদটি শুন্য ঘোষণা করেন নির্বাচনী তফশীল দেয় নির্বাচন কমিশন। ২০২১ সালের ১১ নভেম্বর অনুষ্ঠেয় মটমুড়া ইউপি নির্বাচনে ২নং ওয়ার্ড সদস্য পদে জয়লাভ করেছিলেন প্রয়াত সোবহান আলী।

নেত্রকোনায় ভোটচলাকালে সংঘর্ষে আহত ১০

নিজস্ব প্রতিবেদক : নেত্রকোনা সদর উপজেলার দক্ষিণ বিশিউড়া ইউনিয়ন পরিষদে চেয়ারম্যান পদে উপনির্বাচনে ভোটগ্রহণ চলাকালীন নৌকা প্রতীকের লোকজনের সঙ্গে স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের সংঘর্ষ হয়েছে। এতে নৌকা প্রতীকের অন্তত ১০ সমর্থক আহত হয়েছেন বলে দাবি করেছেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শামছুর রহমান লিটন। গতকাল বৃহস্পতিবার দুপুর ১টার দিকে ইউনিয়নের শ্রীপুর-বালি কেন্দ্রের বাইরে এ সংঘর্ষের ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, দুপুর ১টার দিকে কয়েকজন যুবক হঠাৎ করে কেন্দ্রের বাইরে ভোটারদের স্লিপ সরবরাহকারীদের ওপর চড়াও হন। এতে স্বতন্ত্র তিন প্রার্থীর লোকজন ক্ষিপ্ত হয়ে ওঠেন। এ সময় দুই পক্ষের মধ্যে সংঘর্ষ বেধে যায়। প্রায় আধাঘণ্টা সংঘর্ষ চলার পর আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা পরিস্থিতি নিযন্ত্রণে আনেন।

বীর মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ডের সভাপতি-সেক্রেটারীর সৌজন্যে সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক : বীর মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ডের সভাপতি ও সেক্রেটারীর সৌজন্যে সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে। খুলনা বিভাগীয় বীর মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড কাউন্সিল এর কার্যালয়ে এ সৌজন্যে সাক্ষাৎ হয়। খুলনা বিভাগের বীর মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড কাউন্সিলের সভাপতি মোঃ নাজমুস সাকিব সভাপতিত্ব করেন। সাধারণ সম্পাদক ফকির মোহাম্মদ আলীর সৌজন্যে সাক্ষাৎকার চলে। এ সময় উপস্থিত ছিলেন বিভাগীয় কমিটির প্রস্তাবিত সহ-সভাপতি চুয়াডাঙ্গা জেলার বীর মুক্তিযোদ্ধার সন্তান মোছাঃ রোকেয়া পারভিন শাহানা, ঝিনাইদহ জেলার বীর মুক্তিযোদ্ধা সন্তান বিভাগীয় কমিটির প্রচার ও প্রকাশনা সম্পাদক সাংবাদিক মোঃ আবুল হাসান, বাগেরহাট, খুলনা,মাগুরা, সাতক্ষীরা, যশোর জেলার বীর মুক্তিযোদ্ধার সন্তানগনসহ অনেকেই উপস্থিত ছিলেন।

আনুষ্ঠানিকভাবে আম রপ্তানি কার্যক্রম শুরু

নিজস্ব প্রতিবেদক : চলতি বছরের আম রপ্তানি কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। এ বছর রপ্তানির লক্ষ্যমাত্রা ৪ হাজার টন, যা গত বছরের তুলনায় দ্বিগুণ। গতকাল বৃহস্পতিবার ঢাকার শ্যামপুরে কেন্দ্রীয় প্যাকিং হাউজে আম রপ্তানি কার্যক্রমের উদ্বোধন করেন কৃষিসচিব ওয়াহিদা আক্তার। এ সময় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রবীন্দ্রশ্রী বড়ুয়া, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস, সরেজমিন উইংয়ের পরিচালক তাজুল ইসলাম পাটোয়ারী, আম রপ্তানি প্রকল্পের পরিচালক আরিফুর রহমান, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবলস অ্যান্ড এলাইড প্রোডাক্ট এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের সভাপতি জাহাঙ্গীর হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন। কৃষিসচিব বলেন, সারা বিশ্বেই বাংলাদেশের আমের সুনাম রয়েছে। দেশে ২৪ লাখ টনের ওপরে আম উৎপাদন হয়। গত বছর মাত্র ১ হাজার ৭৫৭ টন রপ্তানি করা হয়েছে। বিশ্বে আম উৎপাদনে আমরা সপ্তম স্থানে থাকলেও রপ্তানি খুবই কম। রপ্তানি আরও বৃদ্ধি করতে হবে। এজন্য যত ধরনের প্রতিবন্ধকতা আছে তা দূর করা হবে। প্রয়োজনে উৎপাদন স্থানের কাছাকাছি প্যাকিং হাউজ করা হবে। রপ্তানিযোগ্য আম উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় রপ্তানিযোগ্য আম উৎপাদন প্রকল্প বাস্তবায়ন করেছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ২০২২-২০২৭ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়ন করছে। প্রকল্পের মোট ব্যয় ৪৭ কোটি টাকা। রপ্তানিযোগ্য মানসম্মত আম উৎপাদনের লক্ষ্যে দেশের ১৫টি জেলার ৪৬টি উপজেলায় প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। ২০২২-২৩ অর্থ বছরে প্রকল্প সহায়তায় উত্তম কৃষি চর্চার মাধ্যমে আম উৎপাদন প্রদর্শনী ৩৫০টি, রপ্তানিযোগ্য জাতের আম বাগান সৃজন ৬০৪টি, বিদ্যমান আম বাগানে সার ও বালাই ব্যবস্থাপনা ২৪০টি এবং আধুনিক প্রযুক্তি ব্যবহার (প্রুনিং ব্যাগিং ও বালাই ব্যবস্থাপনা) মানসম্মত আম উৎপাদন প্রদর্শনী ২০০টি স্থাপন করা হয়েছে।